# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Falgun 2, 1430 Bangla, February 15, 2024, Thursday, No. 46, 54th year

# H I G H L I G H T S

AL President and PM Sheikh Hasina says, women's rights have been confirmed after Awami League came to power. Adds, achieving economic independence is very important for women. (R. Tehran: 11)

Foreign Minister Dr. Hasan Mahmud says, Rohingyas have created a security risk in Bangladesh. Besides, the ongoing problem in Myanmar has created an international security risk too. (R. Today: 15)

Education Minister comments there is no plan to change the new education system. However, discussions are going on with academics to implement the new system more effectively. (VOA: 8)

BNP Senior Joint General Secretary Ruhul Kabir Rizvi says, Awami League is not only attacking BNP now, but they are also killing themselves to share the looted money. (R. Today: 16)

BNP SG Mirza Fakhrul & Leader Amir Khosru M Chowdhury have been granted bail in the case of attacking on Chief Justice's residence. There is no obstacle to their release now. (VOA: 10; Jago FM: 16)

330 BGP members who fled armed conflict in Myanmar took refuge in Bangladesh are being sent back to their country. (BBC: 5)

Son of a deaceased woman complains, this incident has been happening in Myanmar for a long time. BGB and administration do not aware border area people to move to a safe place. If they did that his mother would not have died there. (DW: 13)

This year's SSC & equivalent exams begins today. 20,24,192 students will participate. (Jago FM: 18)

EC announces election date of 344 upazila parishads but BNP's position on participating in the upazila parishad elections is still not clear. (BBC: 3; Jago FM: 18)

Sociologist Prof. Salma says, mutual trust between the children of today has decreased. Boys & girls think their partner has many relationships. Now-a-days young people are leaning towards using dating apps. (BBC: 5)

Gas supply will be stopped in Rajshahi, Pabna, Bogra & Sirajganj from 8 pm on Thursday to 8 pm on Sunday. In that area, many people are in trouble due to increase of price of cylinder gas. (DW: 12)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২, বাংলা ১৪৩০, ফেব্রুয়ারি ১৫, ২০২৪, বৃহস্পতিবার, নং- ৪৬, ৫৪তম বছর**

# শিরোনাম

আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর নারীর অধিকার নিশ্চিত হয়েছে বলে জানিয়েছেন, আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, অর্থনৈতিক স্বাধীনতা অর্জন নারীর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। (রে. তেহরান : ১১)

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন রোহিঙ্গাদের কারণে বাংলাদেশে নিরাপত্তা ঝুঁকি তৈরি হয়েছে। এছাড়া মিয়ানমারে যে চলমান সমস্যা সেটির কারণে আন্তর্জাতিক নিরাপত্তা ঝুঁকি তৈরি হয়েছে। (রে. টুডে : ১৫)

শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, নতুন শিক্ষাব্যবস্থা পরিবর্তনের কোনো পরিকল্পনা নেই। তিনি বলেন, "তবে নতুন পদ্ধতি আরও কার্যকরভাবে বাস্তবায়নের জন্য শিক্ষাবিদদের সঙ্গে আলোচনা চলছে। (ভোয়া : ৮)

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন আওয়ামী লীগ এখন শুধু বিএনপি'র উপর আক্রমণ করছে না তারা লুটের টাকা ভাগাভাগি করতে নিজেরা নিজেদের হত্যা করছে। (রে. টুডে : ১৬)

প্রধান বিচারপতির বাসভবনে হামলার মামলায় জামিন পেয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। তাদের কারামুক্তিতে বাধা নেই বলে জানিয়েছেন তাদের আইনজীবী। (ভোয়া : ১০; জাগো এফএম : ১৬)

মিয়ানমার থেকে পালিয়ে আসা সীমান্তরক্ষীদের নিজ দেশে ফেরত পাঠানো হচ্ছে আজ। বিজিবি জানিয়েছে, মিয়ারমার বর্ডার গার্ড পুলিশসহ বাংলাদেশে আশ্রয় নেয়া মোট ৩৩০ জনকে হস্তান্তর করা হবে এক সাথেই। (বিবিসি : ৫)

নিহত এক নারীর ছেলের অভিযোগ, দীর্ঘদিন ধরে মিয়ানমারে এ ঘটনা ঘটছে। বিজিবি ও প্রশাসন সীমান্ত এলাকার মানুষকে নিরাপদ স্থানে সরে যেতে সচেতন করছে না। তারা তা করলে তার মা সেখানে মারা যেতেন না। (ডয়চে ভেলে : ১৩)

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হচ্ছে আজ। ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে। (জাগো এফএম : ১৮)

নির্বাচন কমিশন ৩৪৪ উপজেলা পরিষদ নির্বাচনের তারিখ ঘোষণা করলেও উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণের বিষয়ে বিএনপির অবস্থান এখনো পরিষ্কার নয়। (বিবিসি : ৩; জাগো এফএম : ১৮)

সমাজবিজ্ঞানী অধ্যাপক সালমা আক্তার বলেন "এখনকার ছেলেমেয়েদের মাঝে পারস্পরিক বিশ্বাস কমে গেছে। ছেলে মেয়েরা মনে করছে, তাদের পার্টনারের অনেক সম্পর্ক আছে। আর বর্তমানে তরুণ-তরুণরীরা ডেটিং অ্যাপ ব্যবহারের প্রতি ঝুঁকে পড়ছে। (বিবিসি : ৫)

দেশের উত্তরাঞ্চলে রাজশাহী, পাবনা, বগুড়া এবং সিরাজগঞ্জে বৃহস্পতিবার রাত ৮টা থেকে রবিবার রাত ৮টা পর্যন্ত গ্যাস সরবরাহ বন্ধ থাকবে। ওই এলাকায় এরই মধ্যে সিলিন্ডার গ্যাসের দাম বেড়ে যাওয়ায় বিপাকে পড়ছেন অনেকে। (ডয়চে ভেলে : ১২)

# বিবিসি

## উপজেলা নির্বাচনে অংশ নেয়া নিয়ে বিএনপির ভেতরে যেসব আলোচনা

জাতীয় সংসদ নির্বাচন বয়কট করলেও উপজেলা পরিষদ নির্বাচনে অংশ না নেয়ার বিষয়ে বিএনপির অবস্থান এখনও পুরোপুরি পরিষ্কার নয়। স্থানীয় সরকার নির্বাচনে অংশগ্রহণ করা না করা নিয়ে নানা আলোচনা আছে দলটির অভ্যন্তরে। বিএনপির দলীয় ফোরামে বিষয়টি নিয়ে নানা ধরনের মত উঠে আসার কথা জানা যাচ্ছে। এর আগেও সিটি কর্পোরেশন নির্বাচন বা ২০১৯ সালের উপজেলা পরিষদ নির্বাচন বর্জন করার ঘোষণা দিয়েছিল বিএনপি। তা সত্ত্বেও দলটির তৃণমূলের অনেক নেতা সেসব নির্বাচনে অংশ নিয়েছিলেন, কেউ কেউ বিজয়ীও হয়েছেন। সদ্য সমাপ্ত জাতীয় সংসদ নির্বাচনের বিএনপির কোনো কোনো নেতা দল থেকে বেরিয়ে অন্য দলের ব্যানারে নির্বাচনে অংশ নিয়েছেন। ফলে আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে অংশ নেয়া থেকে তৃণমূলের নেতাদের বিরত করা যাবে কি না, তা নিয়ে আশঙ্কা রয়েছে বিএনপির শীর্ষ নেতাদের মধ্যেও। এমন প্রেক্ষাপটেই কয়েকদিন আগে দলটির শীর্ষ ফোরামে এই বিষয়টি আলোচনায় উঠে আসে। যদিও উপজেলা পরিষদ নির্বাচনে দলের ভূমিকা কী হবে, তা নিয়ে এখনো পরিষ্কার কোনো সিদ্ধান্ত ঘোষণা করা হয়নি দলটির পক্ষ থেকে। কিন্তু বিএনপির তৃণমূলের নেতাদের সাথে কথা বলে এই নির্বাচনে অংশ নেয়ার বিষয়ে মিশ্র প্রতিক্রিয়া পাওয়া গেছে। তাদের কেউ কেউ যেমন সংসদ নির্বাচনের মতো এই নির্বাচনও বর্জন করার পক্ষে, আবার অনেকে মনে করেন, স্থানীয় নির্বাচনে অংশ নিয়ে তাদের জনপ্রিয়তা তুলে ধরার সুযোগ রয়েছে।

বিএনপির স্থায়ী কমিটির একজন সদস্য বিবিসি বাংলাকে বলেন, এ নিয়ে শীর্ষ ফোরামে আলোচনা হয়েছিল বলেই হয়ত এই আলোচনা উঠেছে। তবে এখনও কোনো সিদ্ধান্ত না নেয়ার কথা জানান বিএনপির ঐ নেতা। তবে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বিবিসি বাংলাকে বলেন, “এটা নিয়ে এখনো কোনো আলোচনা হয়নি। আমরা এ বিষয়টি নিয়ে পরে দলীয় বৈঠকে সিদ্ধান্ত নেবো।” নির্বাচন ও রাজনৈতিক বিশ্লেষকদের কেউ কেউ বলছেন, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে হলেও এই নির্বাচনে বিএনপির অংশ নেয়া উচিত। কেননা, এর মাধ্যমে তারা তৃণমূলে জনপ্রিয়তা প্রমাণের একটা সুযোগ পাবে। স্থানীয় সরকার বিশ্লেষক ড. তোফায়েল আহমেদ বিবিসি বাংলাকে বলেন, নির্বাচন থেকে দূরে থেকে কোনো রাজনৈতিক ফায়দা কেউ পাবে না। বিএনপিকে নির্বাচনে আনতে দলীয় প্রতীকে ভোট না করার ইচ্ছা আওয়ামী লীগের এক ধরনের ফাঁদ হতে পারে। তবুও আমি মনে করি বিএনপি টেস্ট কেস হিসেবে এই নির্বাচনে অংশ নিতে পারে।” গত সাতই জানুয়ারির নির্বাচন বিএনপি ও সমমনা দলগুলোর বর্জন করে। ভোটে জিতে আবার সরকার গঠন করেছে আওয়ামী লীগ। এরপর উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণা করেছে বাংলাদেশের নির্বাচন কমিশন। চৌঠা মে থেকে উপজেলা নির্বাচন শুরু হবে। এরপর থেকেই তৃণমূলের বিএনপি নেতাদের মধ্যে ওই নির্বাচনে অংশ নেয়া- না নেয়া নিয়ে আলোচনা শুরু হয়েছে। স্থানীয় পর্যায়ের এই নির্বাচনে অংশ নেয়ার ব্যাপারে তৃণমূলের অনেক নেতারও আগ্রহ রয়েছে। মাঠ পর্যায়ে বিএনপি নেতাদের সাথে কথা বলে জানা গেছে, তাদের অনেকে এই নির্বাচনে অংশ নিতে আগ্রহী। তবে দলের অবস্থান পরিষ্কার হওয়ার আগে তারা প্রকাশ্যে এখনই বক্তব্য দিতে চান না।

রাজবাড়ীর একজন বিএনপি নেতা বিবিসি বাংলাকে বলেছেন, "নির্বাচনে অংশ নেয়ার ইচ্ছা তো আছে। সুষ্ঠু নির্বাচন হলে আমিই বিজয়ী হব ইনশাআল্লাহ। কিন্তু দল কী সিদ্ধান্ত নেয়, আগে সেটা দেখার জন্য অপেক্ষা করছি।" কুষ্টিয়া জেলা বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জাকির সরকার বিবিসি বাংলাকে বলেন, "দলের মধ্যে কেউ কেউ অতি উৎসাহী আছে। তারা মনে করে দলের কেউ নির্বাচিত হয়ে উপজেলা চেয়ারম্যান পদে বসলে তারা সাময়িকভাবে ভালো থাকবে। তাই হয়তো তাদের কেউ কেউ আগ্রহ দেখায় নির্বাচনে।" তবে নির্বাচনে অংশ নেয়া নিয়ে বিএনপির অনেকের ভেতরে ভিন্ন মতও রয়েছে। বিএনপির তৃনমূলের কয়েকজন জেলা পর্যায়ের নেতা ও সাবেক উপজেলা চেয়ারম্যানের সাথে কথা বলেছে বিবিসি বাংলা। তাদের অনেকেই উপজেলা নির্বাচনে না যাওয়ার পক্ষে। ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট এম এ মজিদ বিবিসি বাংলাকে বলেন, “দলীয় সরকারের অধীনে জাতীয় নির্বাচন বয়কটের পর উপজেলা নির্বাচনে যাওয়া হবে দলের জন্য আত্মঘাতী সিদ্ধান্ত।” এর আগে ২০১৪ সালের উপজেলা নির্বাচনে বিএনপি অংশ নিলেও, ২০১৯ সালে অংশ নেয়নি দলটি। তা সত্ত্বেও দলটির একাধিক নেতা সেই নির্বাচনে অংশ নিয়েছিলেন। তাদের বেশ কয়েকজন বিজয়ীও হয়েছিলেন। এমনকি গত বছরের বরিশাল, সিলেট ও খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনেও বিএনপির বেশ কয়েকজন নেতা অংশ নিয়েছিলেন, যাদের অনেককে পরবর্তীতে দল থেকে বহিষ্কার করা হয়। এবার আওয়ামী লীগ ঘোষণা দিয়েছে, উপজেলা নির্বাচনে কাউকে দলীয় প্রতীক দেয়া হবে না। যদিও এই ঘোষণাকে বিএনপির নেতা-কর্মীদের নির্বাচনে আনার কৌশল হিসাবে দেখছে দলটি। আবার বিএনপির অনেক নেতা একে একটি সুযোগ হিসেবেও দেখছেন। বর্তমান সরকারের চার মেয়াদে এই নিয়ে তৃতীয় বারের মতো অনুষ্ঠিত হচ্ছে উপজেলা নির্বাচন। সর্বশেষ ২০১৪ সালের পর বিএনপি আর কোনো উপজেলার ভোটে অংশ নেয়নি।

এবারের নির্বাচনে যখন আওয়ামী লীগ স্বতন্ত্রভাবে ভোট করার ঘোষণা দিয়েছে, তখন থেকেই এক ধরনের গুঞ্জন শোনা যাচ্ছে এই নির্বাচনে অংশ নিতে পারে বিএনপি। তবে বিবিসি বাংলা এ নিয়ে তিনটি জেলা পর্যায়ের শীর্ষ তিন নেতার সাথে কথা বলেছে। যাদের সবাই ছিলেন সাবেক উপজেলা চেয়ারম্যান। ঝিনাইদহ জেলার সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট এম এ মজিদ বিবিসি বাংলাকে বলেন, "যেখানে দলীয় সরকারের অধীনে আমরা

জাতীয় নির্বাচন বয়কট করলাম, সেখানে উপজেলা নির্বাচনে যাওয়ার প্রশ্ন উঠবে কেন?" তিনি বলছেন, "এই ভোটে অংশগ্রহণ মানে সরকারকে স্বীকৃতি দেয়া। এই নির্বাচন কমিশনকে স্বীকৃতি দেয়া। সুতরাং এই নির্বাচনে বিএনপির অংশগ্রহণ করার কোনো লজিকই নাই।"

২০১৮ সালের নির্বাচনের অভিজ্ঞতার তুলে ধরেন বিএনপির নেতারা। তারা বলছেন, ২০১৪ সালে নির্বাচনে না যাওয়ার পর বলা হচ্ছিল বিএনপি ভোটে না গিয়ে ভুল করেছে। ২০১৮ সালের নির্বাচনে বিএনপি যখন ভোটে অংশ নিলো, তখন নির্বাচনে কী কী অনিয়ম হয় সেটা সারা বিশ্ব দেখেছে। কুষ্টিয়া জেলা বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জাকির সরকার বিবিসি বাংলাকে বলেন, "আওয়ামী লীগ যে সিদ্ধান্ত নেয় সেটিই বাস্তবায়ন হয়। ভোট শুধু শো অফ। এমন অবস্থায় ভোট করলে লাভের চেয়ে ক্ষতি বেশি।" বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু বিবিসি বাংলাকে বলেন, "এ বিষয়ে এখনই কিছু বলা যাচ্ছে না। আমরা তো একটা সিদ্ধান্তে আছি ভোট না করার। সেই সিদ্ধান্ত পরিবর্তন না হলে তো এখনই কিছু বলা যাচ্ছে না।" বর্তমান সরকার ও নির্বাচন কমিশনের অধীনে ভোটে না যাওয়ার কারণ হিসেবে তিনটি বিষয়কে গুরুত্ব দিচ্ছে বিএনপির তৃণমূলের নেতারা। এক্ষেত্রে অতীতে ভোটের অভিজ্ঞতা, জাতীয় নির্বাচন বয়কট করে স্থানীয় নির্বাচনে অংশগ্রহণ ও নতুন করে মামলা-হামলার ভয়ের বিষয়গুলো সামনে আসছে। নড়াইল সদর উপজেলার সাবেক চেয়ারম্যান ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. মনিরুল ইসলাম বলেন, "আমি সদর উপজেলার প্রার্থী ছিলাম। আমার প্রতিপক্ষ ২৯ কেন্দ্রের ভোট কেটে নিয়ে যায়। তারপরও ভাগ্যক্রমে জয় পেয়েছিলাম।" এই অভিজ্ঞতা থেকে তিনি বলেন, "এমন নির্বাচন করলে মান মর্যাদা যা অর্জন হয়, তার চেয়ে হেয় হতে হয় বেশি। এমন নির্বাচনে চেয়ারম্যান হওয়ার চেয়ে না হওয়াই ভালো।" তৃণমূলের নেতাদের কেউ কেউ বলছেন, সরকার বিএনপিকে অংশগ্রহণ করানোর জন্য নিজেরা প্রতীক ছাড়া ভোট করছে। তাই বিএনপির কর্মীদের কেউ কেউ সেটিকে গুরুত্ব দিয়ে ভাবছে।

কুষ্টিয়া জেলা বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জাকির হোসেন বিবিসি বাংলাকে বলেন, "এটা সরকারের একটা ফাঁদ। বিএনপি নেতাকর্মীদের বোঝা উচিত সরকারের এই ফাঁদে তাদের পা দেয়া উচিত হবে না।" বিএনপির তৃণমূলের এসব নেতারা অভিযোগ করেন, বতর্মান সরকারের অধীনে শুধু জাতীয় নির্বাচন নয়, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন পরিষদ, সিটি কর্পোরেশন নির্বাচনে বিএনপির অভিজ্ঞতা সুখকর নয়। তাই তারা চান না নতুন করে আবারো নির্বাচনে অংশ নিতে। বিএনপির নেতাদের কেউ কেউ জানাচ্ছেন দুটি কারণে উপজেলা নির্বাচনে বিএনপির মধ্যে আলোচনা তৈরি হয়েছে। তার প্রথম কারণ উপজেলা নির্বাচনে আওয়ামী লীগের প্রতীক ছাড়া অংশগ্রহণ। আর দ্বিতীয় কারণ হলো, দলের কেউ কেউ মনে করছেন জাতীয় নির্বাচনের পর বিএনপি নেতাকর্মীরা কিছুটা হতাশ। এ কারণে দলের কর্মীদের চাঙ্গা করতে কেউ কেউ ভোটে যাওয়ার পক্ষে।

বগুড়ার সারিয়াকান্দি উপজেলা বিএনপির এক নেতা নাম প্রকাশ না করার শর্তে জানান, এখন পর্যন্ত আমরা উপজেলা নির্বাচনে থাকার পক্ষে। আমাদের অবস্থান আমরা হাই কমান্ডকে জানিয়েছি। দল বললে নির্বাচনে যাবেন উল্লেখ করে কারণ হিসেবে বিবিসি বাংলাকে তিনি বলেন, "আমরা যদি উপজেলার ভোটে না থাকি তাহলে আমাদের প্রতি অত্যাচার নিপীড়ন আরো বাড়বে।" বিএনপির কেন্দ্রীয় কমিটির একজন সম্পাদক বিবিসি বাংলাকে বলেন, "উপজেলা নির্বাচন স্থানীয় সরকার নির্বাচন। এখানে না গেলে নেতাকর্মীদের কেউ কেউ নিজ আগ্রহ থেকে ভোটে অংশ নেবে। সেক্ষেত্রে ভোট থেকে দূরে থাকার চেয়ে ভোটে যাওয়াই ভালো।"

তবে বিএনপি শীর্ষ নেতাদের কেউ কেউ মনে করেন উপজেলা নির্বাচন নিয়ে এসব আলোচনার পক্ষে বিপক্ষে যেসব মত আসছে তাতে দলের জন্য লাভ-ক্ষতি দুই ধরনেরই হিসাব আছে। স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু বিবিসি বাংলাকে বলেন, "বিএনপির নির্বাচনে যাওয়া নিয়ে এটা কোনো কোনো মহল থেকে গুজব ছড়ানো হচ্ছে। আমরা আপাতত এ বিষয়ে কোনো চিন্তা করছি না। যেহেতু আমরা বর্জন করেছি। এই নির্বাচন কমিশনকে আমরা গ্রহণযোগ্য মনে করি না।" তবে, স্থানীয় সরকার বিশ্লেষক ড. তোফায়েল আহমেদ বিবিসি বাংলাকে বলেন, "সরকার যদি বিএনপিকে ডিস্টার্ব না করে তাহলে এই নির্বাচনে অংশ নেয়া বিএনপির জন্যও ভালো, দেশের জন্যও ভালো।" গত কয়েকদিনে এ নিয়ে নানা আলোচনা চলছে বিএনপির তৃণমূল থেকে হাইকমান্ডে। এমন অবস্থায় দল যদি ভোটে যাওয়ার সিদ্ধান্ত নেয় সেক্ষেত্রে কী করবে তৃণমূল? এ নিয়ে দুই ধরনের ব্যাখ্যা পাওয়া যাচ্ছে।

বিএনপির জেলা পর্যায়ের নেতারা বলছেন, প্রথমত দল বলতে পারে কেউ স্বতন্ত্রভাবে ভোট করলে দলের কোনো বাধা নেই। দ্বিতীয়ত, দলকে সংগঠিত করতে নির্বাচনের নির্দেশ দেওয়া। তখন তৃণমূলের নেতাকর্মীরা কী করবেন এমন প্রশ্ন করা হয়েছিল জেলা পর্যায়ের নেতাদের। এই প্রশ্নের উত্তরে ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এম এ মজিদ বিবিসি বাংলাকে বলেন, "এমন অবস্থায় বিএনপির নির্বাচনে যাওয়ার সিদ্ধান্ত হবে ভুল ডিসিশন। আমাদের কাছে দল জানতে চাইলে আমি অন্তত সেই বিষয়টিই তুলে ধরব।" কুষ্টিয়া জেলা বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জাকির সরকার বলেন, "দল যদি এমন কোনো সিদ্ধান্ত নেয় আমরা দলকে অনুরোধ করব আত্মঘাতী সিদ্ধান্ত না নেয়ার জন্য।" বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বিবিসি বাংলাকে বলেন, "এ নিয়ে দলীয় ফোরামে এখনো কোনো আলোচনা হয়নি।" নেতাকর্মীরা যদি দাবি করে তখন কী করবেন? জবাবে মি. খান বলেন, "অনেক কিছু দাবির ওপর নির্ভর করে না।" স্থায়ী কমিটির সভাপতি ইকবাল হাসান মাহমুদ টুকুর কথা, "বিএনপি এমন কোনো খারাপ পরিস্থিতির

মধ্যে নেই বা দল এমন কোনো অগোছালো অবস্থায় নেই যে উপজেলার ভোটে গিয়ে দলকে সুসংগঠিত করতে হবে।” তবে তফসিল ঘোষণার পর ভোটের বিষয়ে কৌশল নির্ধারণের ইঙ্গিত দিয়েছেন দলের স্থায়ী কমিটির এই দুই সদস্য। (বিবিসি ওয়েব পেজ:১৪.০২.২০২৪ রিহাব)

## বাংলাদেশ-মিয়ানমারের জলসীমায় নিয়ে ফেরত দেয়া হবে বার্মিজ সৈন্যদের

মিয়ানমার থেকে পালিয়ে আসা সীমান্তরক্ষীদের নিজ দেশে ফেরত পাঠানো হচ্ছে বৃহস্পতিবার। বিজিবি জানিয়েছে, মিয়ারমার বর্ডার গার্ড পুলিশ-সহ বাংলাদেশে আশ্রয় নেয়া মোট ৩৩০ জনকে হস্তান্তর করা হবে এক সাথেই। বাংলাদেশের বর্ডার গার্ড বা বিজিবি জানিয়েছে, এখন পর্যন্ত বাংলাদেশে পালিয়ে আসা মিয়ানমার বর্ডার গার্ড পুলিশ ও সেনাবাহিনীর ৩৩০ জনকে হস্তান্তরে সব প্রক্রিয়া প্রায় শেষ। বাংলাদেশে আশ্রয় নেয়া এসব বার্মিজ সৈন্যদের রাখা হয়েছে কক্সবাজারের টেকনাফ ও বান্দরবনের ঘুমধুমের দুটি স্কুলে। বৃহস্পতিবার ভোর থেকেই তাদের হস্তান্তর প্রক্রিয়া শুরু হবে। পালিয়ে আসা এসব বার্মিজ সৈন্যদের পরিচয় সনাক্তে এরই মধ্যে তাদের বায়োমেট্রিক সম্পন্ন করার কথা জানিয়েছে স্থানীয় প্রশাসন। কক্সবাজার জেলা প্রশাসন ও পুলিশ জানাচ্ছে, হস্তান্তরের পুরো বিষয়টির নেতৃত্ব দিবে বিজিবি। কক্সবাজারের ইনানীর নৌবাহিনীর ঘাটে যে আনুষ্ঠানিকতা হবে বাংলাদেশ-সহ দুই দেশের প্রতিনিধিরাই থাকবে। বিদ্রোহী গ্রুপগুলোর সাথে যুদ্ধে টিকতে না পারে গত ৪ঠা থেকে ৮ই ফেব্রুয়ারির মধ্যে উখিয়া, টেকনাফ ও ঘুমধুম সীমান্ত থেকে বাংলাদেশে অনুপ্রবেশ করে মিয়ানমারের ৩৩০ জন। হাতে গোনা কয়েকজন বাদে বেশিরভাগই ছিল মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের সদস্য। তাদের মধ্যে ১৬০ জন বিজিপি সদস্যকে রাখা হয়েছে বান্দরবনের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম উচ্চ বিদ্যালয়ে। অপর দলকে রাখা হয়েছে কক্সবাজারের টেকনাফের হ্নীলা উচ্চ বিদ্যালয়ে।

এখন পর্যন্ত বিজিবির পরিকল্পনা হচ্ছে, বৃহস্পতিবার ভোর সাড়ে পাঁচটার দিকে বিজিবির ও পুলিশের টিম যাবে টেকনাফের হ্নীলা উচ্চ বিদ্যালয়ে। সেখানে অবস্থানরত বার্মিজ সৈন্যদের বিজিবির গাড়িতে করে নিয়ে আসা হবে নাইক্ষ্যংছড়ির ঘুমধুম উচ্চ বিদ্যালয়ের সামনে। পরে ঘুমধুম উচ্চ বিদ্যালয়ের ১৬৬ জনকে তোলা হবে বিজিবির গাড়িতে। পরে দুটো গ্রুপকে পুলিশ ও বিজিবির কড়া পাহারায় নিয়ে যাওয়া হবে কক্সবাজারের ইনানী বিচ এলাকার নৌবাহিনীর জেটিতে। কক্সবাজার জেলা পুলিশ সুপার মাহফুজুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, “পুরো প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বিজিবি আমাদের যে যে ধরনের সহযোগিতা চাইবে আমরা সব ধরনের সহযোগিতাই করব বিজিবিকে। এটা আমাদের প্রটোকলেই বলা রয়েছে। ইনানীর এই নৌবাহিনীর জেটি ঘাট এলাকায় হস্তান্তর কার্যক্রমের কিছু আনুষ্ঠানিকতা শেষ করবে বাংলাদেশ ও মিয়ানমার। সেখানে বিজিবি, পররাষ্ট্র মন্ত্রণালয় ও জেলা প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত থাকার কথা রয়েছে। সেখান থেকে বাংলাদেশি জাহাজে করে ৩৩০ জনকে তোলা হবে বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ কর্ণফুলীতে। সেখানে পুরো নিরাপত্তা বজায় রেখে তাদের কর্ণফুলী জাহাজে করে নিয়ে যাওয়া হবে বাংলাদেশে মিয়ানমারের জলসীমায়। এই জলসীমায় মিয়ানমার নৌবাহিনীর জাহাজে তুলে দেয়া হবে বার্মিজ সৈন্য ও ঐ দেশ থেকে আসা নাগরিকদের। বাংলাদেশে অনুপ্রবেশের পর পালিয়ে আসা বার্মিজ সৈন্য ও সে দেশটির ৩৩০ জন নাগরিকদের তালিকা আগে থেকেই প্রস্তুত করেছিল বিজিবি। তাদের মধ্যে ৩২৬ জনকে রাখা হয়েছিলো কক্সবাজারের টেকনাফের হ্নীলা উচ্চ বিদ্যালয় ও নাইক্ষ্যংছড়ির ঘুমধুম উচ্চ বিদ্যালয়ে। বাকি চারজনের চিকিৎসা চলছিল চট্টগ্রামে মেডিকেল কলেজ হাসপাতালে। তাদেরকে নিজ দেশে ফেরত পাঠানোর আগে ঐসব নাগরিকদের বায়োমেট্রিক পদ্ধতিতে ফিঙ্গার প্রিন্ট গত রবি ও সোমবার সংগ্রহ করে রাখে স্থানীয় প্রশাসন। কক্সবাজার পাসপোর্ট কার্যালয়ের ফিঙ্গারপ্রিন্ট সংগ্রহকারীরা দুটি দলে বিভক্ত হয়ে এই ফিঙ্গার প্রিন্ট সংগ্রহ করে। তাদের ফিঙ্গার প্রিন্ট সংগ্রহের পর সেগুলো হস্তান্তর করা হয়েছে জেলা প্রশাসন ও বিজিবিকে। কক্সবাজারের জেলা প্রশাসক মুহাম্মদ শাহীন ইমরান জানান, “আশ্রিত বিজিপি সদস্যদের ফেরত পাঠানোর প্রক্রিয়ার অংশ হিসেবে তাদের ফিঙ্গার প্রিন্ট সংগ্রহ করা হয়েছে।” বাংলাদেশে পালিয়ে মিয়ানমারের এসব সৈন্যদের দেশে পাঠাতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের কথা জানিয়েছে কক্সবাজারের জেলা প্রশাসক ও পুলিশ প্রশাসন। কক্সবাজার জেলা পুলিশ সুপার মাহফুজুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, “সার্বিক ব্যবস্থা করেছে বিজিবি। এই প্লানিংটাও ওনাদের। বিজিবি আমাদেরকে যে ধরনের সাপোর্ট চাইবে সে অনুযায়ী আমরা সেই সাপোর্টগুলো দিবে।” (বিবিসি ওয়েব পেজ:১৪.০২.২০২৪ রিহাব)

## ডেটিং অ্যাপ ব্যবহারে বাংলাদেশের মেয়েদের অভিজ্ঞতা কেমন

“টিন্ডার বা বাম্বলে অধিকাংশ ছেলেরা আসলে শারীরিক অন্তরঙ্গতা চায়। তাদের সাথে কথা বলা শুরু করতে না করতেই তাদের আল্টিমেট প্রশ্ন হলো, ডু ইউ ওয়ান্ট টু মিট মি?” ডেটিং অ্যাপ বাম্বল ব্যবহার করার তিক্ত অভিজ্ঞতার কথা এভাবেই বিবিসি বাংলাকে জানাচ্ছিলেন সদ্য স্নাতক শেষ করা রাজধানীর ফার্মগেটের বাসিন্দা রুবিনা হক (ছদ্মনাম)। উন্নত দেশের মতো বাংলাদেশেও গত কয়েক বছর ধরে ডেটিং অ্যাপের ব্যবহার বেড়েছে। প্রথমদিকে শুধু ছেলেরা এর ব্যবহারকারী হলেও এখন অনেক মেয়েও এগুলো ব্যবহার করছে। কিন্তু এগুলোর ব্যবহার নিয়ে বাংলাদেশের ছেলে ও মেয়েদের মাঝে রয়েছে মিশ্র প্রতিক্রিয়া। তাদেরই কয়েকজন বিবিসি বাংলার কাছে নিজেদের অভিজ্ঞতা তুলে ধরেছেন। বন্ধুদের উৎসাহে ডেটিং অ্যাপ বাম্বলে অ্যাকাউন্ট খুললেও শেষ পর্যন্ত ঠিকঠাক সঙ্গী খুঁজে পাননি মিজ রুবিনা। কারণ হিসেবে তিনি বলেন, “আমার কয়েকজনের সাথে পরিচয় হয়েছিল। তারা ইমোশনাল ইন্টিমেসির ওপর ওয়ার্ক করার

চেয়ে ফিজিক্যাল ইন্টিমেসি বেশি চাচ্ছিল। বিষয়টা ভালো লাগেনি আমার। যারা ক্যাজুয়াল ডেটিং পছন্দ করে, ওদের জন্য ডেটিং অ্যাপ ভালো। দেখা যায়, প্রতি সপ্তাহে তারা কারও না কারও সঙ্গে ডেটে যাচ্ছে। কিন্তু এখানে কোনও ইমোশনাল অ্যাটাচমেন্ট থাকছে না।" সিরিয়াস রিলেশনশিপের জন্য ডেটিং অ্যাপের ওপর নির্ভর করা উচিৎ না বলে মনে করেন তিনি। "আমি মাত্র দু'জনকে পেয়েছিলাম। তাদের মাঝে একজনের সাথে ছয় মাস কথা বলেছি। কিন্তু সেটা শেষ পর্যন্ত টিকেনি। কারণ আমি সিরিয়াস রিলেশনশিপ চাচ্ছিলাম, ও চাচ্ছিলো না। দীর্ঘদিন কথা বলার কারণে আমার ওকে ভালো লেগেছিল। বাট হি ওয়াজ অলসো লুকিং ফর আদার উইমেন। তখন মনে হলো যে এই ধরনের একজন ব্যক্তির সঙ্গে নিজেকে জড়াতে চাই না।" এই তরুণীর পর্যবেক্ষণ হলো, ডেটিং অ্যাপগুলোতে যাদের বয়স ৩০ বছরের কম, তাদের অধিকাংশের উদ্দেশ্য হলো শারীরিক অন্তরঙ্গতা। আর যাদের বয়স ত্রিশের বেশি, তারা আবার বিয়ের জন্য মেয়ে খোঁজেন।

এই বিষয়ে একমত পোষণ করেছেন একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত মেহেরুন নাহার মেঘলাও। কৌতুহলবশত ২০১৭ সালের দিকে বন্ধুদের সাথে মিলে টিন্ডারে অ্যাকাউন্ট খুলেছিলেন তিনি। তখন তার সাথে অনেকের সঙ্গে চ্যাটিং হলেও দেখা হয়েছে মাত্র দুই থেকে তিনজনের। তাদের সাথে প্রেমের সম্পর্ক না হলেও একটা ভালো বন্ধুত্বপূর্ণ সম্পর্ক হয়েছিল মিজ মেঘলার। তার মতে, "বাংলাদেশের মানুষ ডেটিং অ্যাপের কনসেপ্টটাই বুঝে না। এখানে তো বলাই আছে যে এটা একটা হুক-আপ অ্যাপ, ক্যাজুয়াল ডেটের জন্য। কিন্তু মানুষ ভাবে এটা বিয়ে করার অ্যাপ। সবাই যে সেক্সের জন্যই টিন্ডার ব্যবহার করে, তা না। তবে হ্যাঁ, টিন্ডারে যদি কেউ সেক্সের প্রপোজাল দেয়, তাহলে সেটাকে অ্যাবনরমাল মনে করার কিছু নাই। কারণ টিন্ডার থেকে সিরিয়াস বা কাটকাট সম্পর্ক আশা করার কিছু নাই," যোগ করেন তিনি। এ বিষয়ে ছেলেদের অভিজ্ঞতা বা দৃষ্টিভঙ্গিও অনেকটা মেয়েদের কাছাকাছি। একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ইমরান হোসেন সর্বপ্রথম টিন্ডারে অ্যাকাউন্ট খুলেছিলেন করোনা মহামারীর সময়ে, তখন তিনি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষের শিক্ষার্থী। মি. হোসেন বলেন, "কোভিডের সময় চারদিকেই কেমন একটা মনমরা অবস্থা ছিল। তখন লোনলিনেস কাটাতে এমনিতেই টিন্ডারে ঢুকছিলাম। কিন্তু ঢোকার পর আর ভাল্লাগে নাই।" কারণ হিসেবে তিনি বলেন, "এদের প্রত্যেকের কমিনিউকেশন সিস্টেমটাই কেমন যেন। হাই হ্যালো, অর্থাৎ মিনিমাম কনভারসেশনও হতে পারে না। তার আগেই যৌনতার কথাবার্তা শুরু করে দেয়।" অ্যাকাউন্ট ওপেন করার সাত দিনের মাথায় সাভারের একজনের সাথে কথা হয়েছিল তার। "একদিন মাঝরাতে আমায় জিজ্ঞেস করলো যে কী পড়ে আছ? এটা খুব বিচ্ছিরি লাগছিল, নরমাল কোনও মানুষ এরকম কথার রিপ্লাই দিতে পারে না। সেদিনই আমি ডিলিট করে দেই ঐ অ্যাপ," বলেন তিনি। এদিকে ২০১৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী ছিলেন মো. ইমরান। তখন তাকে একাডেমিক কারণে ডেটিং অ্যাপের ওপর একটি গবেষণা করতে হয়। ঐ সময় তিনি সাতদিনের জন্য টিন্ডার ও ট্যানট্যান ব্যবহার করেছিলেন। তবে শুধু ছেলে হিসেবে না, মেয়ে হিসেবেও। বর্তমানে একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত মি. ইমরান বলেন, "ডেটিং অ্যাপগুলো মূল হুক আপ করার জন্যই। ছেলে-মেয়ে সবাই, বিশেষ করে ছেলেরা একধরনের সেক্সুয়াল এ্যাডভান্টেজ নেয়ার জন্য এটা ব্যবহার করে। আমি গবেষণার সময় দেখেছি যে প্রপোজাল ছেলেরাই বেশি দেয়। যেমন, তারা বলে যে ঐ জায়গায় ট্রিপে যাব। মূল লক্ষ্য, নিজেদের সেক্সুয়াল চাহিদা মিট করা। আবার, যারা বাইসেক্সুয়াল বা হোমোসেক্সুয়াল, তারাও সেক্সুয়াল সম্পর্ক গড়তে চাইত। এদের অনেকে আবার শুধু নিজেদের চিন্তা-ভাবনাটুকুই শেয়ার করতে চায়।" ডেটিং অ্যাপ ব্যবহারকারীদের প্রত্যেকে অবশ্য এটাও বলেছেন, অসতর্ক হলে ডেটিং অ্যাপের কারণে 'নিশ্চিত বিপদ' এর মাঝে পড়ার সম্ভাবনা আছে। কারণ, স্ক্রিনের ওপাশের মানুষটা নারী নাকি পুরুষ, ছবি দেখে সেটা যাচাই-বাছাই করার কোনও উপায় নেই।

মিজ মেঘলা এ বিষয়ে বলেন, "এটা সত্য যে টিন্ডারে মানুষজন যৌনতা চায় বেশি। সেইসাথে, অনেক অ্যাকাউন্টে আসল নাম পরিচয় থাকে না। সেক্ষেত্রে কেয়ারফুল থাকা উচিৎ। আমি যখন টিন্ডার চালাতাম, তখন আমার নিজেরই চ্যাটিং-এর এক পর্যায়ে উল্টো পাশের মানুষটাকে ফেইক, মানে মেয়ে বলে মনে হচ্ছিল।" আরেকটা ঝুঁকি হলো, ব্যবহারকারীদের অনেকে নিজেদের অন্তরঙ্গ ছবি আদানপ্রদান করে। এজন্য তারা সবচেয়ে বেশি ব্যবহার করে স্ন্যাপচ্যাট। কারণ, স্ন্যাপচ্যাটে পাঠানো কোনও ছবি বা মেসেজ একবার দেখার পর তা অটোমেটিক্যালি ভ্যানিশ হয়ে যায়। এমনকি, কেউ স্ক্রিনশট নিলেও সেটা লেখা থাকে। তবে এ বিষয়ে মিজ রুবিনার বক্তব্য, "ম্যাক্সিমাম ছেলেরা স্ন্যাপচ্যাটে ইন্টিমেট পিকচার এক্সচেঞ্জ করতে চায়। স্ন্যাপচ্যাটে ছবি দিলে দেখার পর চলে যাবে। কিন্তু তার কাছে যদি আরেকটা ফোন থাকে, তাহলে সে সেটা দিয়ে ছবি তুলে রাখতে পারে। ডেটিং অ্যাপে কথা বলার পর যদি কোনও মেয়ে দেখা না করতে চায়, তাহলে ওরা অনেক পারসোনালি নিয়ে নেয়। আজেবাজে কথা বলে, গালাগালি করে। অনেক ফ্রেন্ডদেরকে আমি ইন্টিমেট ছবির জন্য ব্ল্যাকমেইলড হতেও দেখেছি।"

বাংলাদেশের তরুণ-তরুণীদের সাথে কথা বলে জানা গেছে, তারা সবচেয়ে বেশি ব্যবহার করে টিন্ডার। তবে মেয়েদের মাঝে বাম্বল ব্যবহার করার প্রবণতা আবার তুলনামূলকভাবে বেশি। এছাড়া ট্যানট্যান, হিঞ্জ, ওকেকিউপিড, কফি মিটস বেইগেল, ট্রুলিম্যাডলি, ই-হারমোনি, ম্যাচের মতো আরও অনেক অ্যাপ বিশ্বের বিভিন্ন দেশে ব্যাপকভাবে জনপ্রিয়। যারা সমকামী, তারা বেশি ব্যবহার করে হার কিংবা গ্রাইন্ডার। তবে টিন্ডার, বাম্বল, ওকেকিউপিডের বেশি জনপ্রিয়। এর কারণ হতে পারে, এগুলো বিনামূল্যে ব্যবহার করা যায়। ইমেইল অ্যাকাউন্ট, টেলিফোন নম্বর, ছবি এবং ব্যক্তিগত

তথ্য যোগ করে এসব অ্যাপে নিজস্ব একাউন্ট খোলা যায়। সেখানে নিজের আগ্রহের, এমনকি শখের বিষয়গুলো উল্লেখ করে দিতে হয়। এছাড়া, নিজের শারীরিক বৈশিষ্ট্য, যেমন- উচ্চতা, গায়ের রং, ওজন ইত্যাদি তথ্যও দেয়া যেতে পারে। সব তথ্য দেয়া থাকলে ব্যবহারকারীর পছন্দের সঙ্গে মেলে, এমন সঙ্গীর পরামর্শ দেবে অ্যাপগুলো। এছাড়া, বাম্বল অ্যাপে মেয়েদের জন্য বিশেষ সুবিধা রয়েছে। এখানে কাউকে পছন্দ হলে মেয়েদের আগে বার্তা পাঠাতে হয়। পরের ২৪ ঘণ্টার মধ্যে সেই বার্তার জবাব পাওয়া গেলে সংযোগ বা ম্যাচ তৈরি হয়, না হলে সেটি মুছে যায়। ডেটিং অ্যাপে প্রাথমিক আলাপচারিতার পরে সাধারণত ব্যবহারকারীরা নিজেদের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট (ফেইসবুক, ইন্সটাগ্রাম, স্ন্যাপচ্যাট ইত্যাদি) বা ফোন নাম্বার আদানপ্রদান করে। কথাবার্তা বলার পর তারা সিদ্ধান্ত নেয় যে তারা দেখা করবে কি না বা সম্পর্ক আগাবে কি না। বাংলাদেশে এ বিষয়ে এখন পর্যন্ত কোনও বিস্তারিত গবেষণা করা হয়নি। তবে যুক্তরাষ্ট্রের পিউ রিসার্চ সেন্টারে ২০২৩ সালের করা এক গবেষণায় দেখা যায়, দেশটির শতকরা ৩০ শতাংশ পূর্ণবয়স্ক মানুষ ডেটিং অ্যাপ ব্যবহার করে। এদের মাঝে ৩৪ শতাংশ পুরুষ এবং ২৭ শতাংশ হলো নারী। তবে যাদের বয়স ১৮ থেকে ২৯ বছরের মাঝে, তাদের মাঝে ডেটিং অ্যাপ ব্যবহার করার প্রবণতা সবচেয়ে।

এছাড়া, ব্যবহারকারীদের বেশিরভাগই হয় অবিবাহিত, অথবা ইতোমধ্যে তাদের কোনও না কোনও সঙ্গী আছে। বিবাহিত বা যাদের বিবাহ বিচ্ছেদ হয়ে গেছে,তাদের মাঝে ডেটিং অ্যাপ ব্যবহার করার প্রবণতা কম। এই গবেষণা আরও বলছে, বিপরীতলিঙ্গের প্রতি আকৃষ্টদের চেয়ে যারা সমকামী বা উভকামী; তাদের মধ্যে ডেটিং অ্যাপ ব্যবহার করার হার অনেকটাই বেশি। এখানে আরও উঠে এসেছে যে ৪৪ শতাংশ ব্যবহারকারী লং-টার্ম সম্পর্ক গড়ার জন্য এবং ৪০ শতাংশ ক্যাজুয়াল ডেটের জন্য ডেটিং অ্যাপ ব্যবহার করে। মাত্র ২৪ শতাংশ ক্যাজুয়াল সেক্সের জন্য এগুলো ব্যবহার করে। অনেকে আবার নতুন বন্ধু বানানোর জন্যও ডেটিং অ্যাপকে বেছে নেয়। তবে এই সবগুলো ক্যাটাগরিতেই নারীদের হার বেশি। এই গবেষণায় আরও বলছে যে যুক্তরাষ্ট্রের ৫৬ শতাংশ নারী ব্যবহারকারী বলেছে যে তারা অনাকাঙ্ক্ষিতভাবে বা না চাওয়া সত্ত্বেও ডেটিং অ্যাপে পুরুষদের কাছ থেকে যৌনোদ্দীপক বা হয়রানিমূলকও মেসেজ এবং ছবি পেয়েছেন। সমাজবিজ্ঞানীদের মতে, বর্তমান প্রজন্মের ছেলেমেয়েদের মাঝে অনলাইনবেজড সম্পর্ক গড়ে তোলার প্রবণতা বেশি। এর কারণ হিসেবে তারা মনে করেন, এই প্রজন্মের অনেকে ভালো লাগার কথা সামনা-সামনি বলতে হয়ত পছন্দ করে না। এছাড়া, যারা চরিত্রগতভাবে ইন্ট্রোভার্ট বা অন্তর্মুখী, তারা অনলাইন থেকে সঙ্গী খুঁজে নিতে চায়। তাছাড়া, সামনা-সামনি দেখা করতে গেলে বেশি সময় দিতে হয় বলেও অনেক অনলাইনে সম্পর্ক গড়েন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক সালমা আক্তার বিবিসি বাংলাকে বলেন যে অনেক সময় একাধিক সম্পর্ক চালিয়ে যাওয়ার জন্যও মানুষ এই অ্যাপগুলো ব্যবহার করে। "একটা সমাজে থেকে একই মানুষ প্রকাশ্যে একাধিক সম্পর্ক চালিয়ে যেতে পারে না। যদি কেউ করে, তাহলে সেটি সোশ্যাল কনসার্ন হয়ে যায়। কিন্তু অনলাইনে এই ঝামেলা নেই। কারণ সেখানে তথ্য লুকানো যায়। এবং, একজন মানুষের একই সাথে কতজনের সাথে সম্পর্ক আছে, সেটি কেউ জানতে পারে না।" পরিবারের সাথে বন্ধন কমাও ডেটিং অ্যাপ ব্যবহার করার কারণ জানিয়ে তিনি বলেন, "এখনকার ছেলেমেয়েরা যেভাবে বড় হয়, তাতে তারা পরিবারের সাথে যুক্ত না। আগে এরেঞ্জ ম্যারেজ হতো। কিন্তু এখন বিয়ের কথা বললে বাচ্চারা তাদের বাবা-মাকে বলে, এটা বলার তোমরা কে? সুতরাং, এখনকার বাচ্চাদের সম্পর্কগুলো অনেক বেশি ইন্টারপারসোনাল। তাদের কাছে রিলেশনশপ মানেই সেটা লং টার্ম না, রিলেশনশিপ মানেই বিয়ের সিদ্ধান্ত না।" তরুণদের এমন মানসিকতার জন্য তিনি পারিপার্শ্বিকতাকে দায়ী করেন। "বাচ্চারা এখন অনেক বেশি স্ট্রেসফুল অবস্থায় বড় হচ্ছে। যেমন, সে তার আশেপাশে প্রচুর ডিভোর্স হতে দেখছে। এগুলো দেখে হয়তো তার মনে হয়, ফ্যামিলি বলে কিছু নাই, কমিটমেন্ট বলে কিছু নাই। এইসব ডিভোর্স, ব্রেকআপের ঘটনাগুলো দ্বারা বাচ্চারা কোথাও একটা গিয়ে ইনফ্লুয়েন্স হচ্ছে।" তবে এইসব কিছুর মূলে আছে বিশ্বাসহীনতা। অধ্যাপক সালমা বলেন, "এখনকার ছেলেমেয়েদের মাঝে পারস্পরিক বিশ্বাস কমে গেছে। ছেলে মনে করছে, তার পার্টনারের অনেক সম্পর্ক আছে। মেয়েও মনে করছে, আমার পার্টনারের অনেক সম্পর্ক আছে। অথচ, লং টার্ম রিলেশনশিপের ভিত হলো বিশ্বাস।"

এছাড়া, মিডিয়ার ভূমিকাকেও প্রশ্নবিদ্ধ করেন এই সমাজবিজ্ঞানী। তার মতে, বিয়ে বা প্রেম ভেঙ্গে যাওয়া; এগুলোকে মিডিয়াতে এত হালকাভাবে দেখানো হচ্ছে যে তরুণরা এগুলোকে এটাকে স্ট্যান্ডার্ড হিসেবে ধরে নিয়ে বড় হচ্ছে। "রিলেশনশিপ একটা কমোডিটিতে পরিণত হয়েছে। কারও যদি পার্টনার না থাকে, তাহলে তার বন্ধুরা তাকে নিয়ে হাসাহাসি করে। ডেটিং অ্যাপের দিকে ঝোঁকার এটাও একটা কারণ," যোগ করেন তিনি।" নানাপ্রকার তিক্ত অভিজ্ঞতার মুখোমুখি হওয়া সত্ত্বেও ডেটিং অ্যাপের জনপ্রিয়তা কমছে না। বরং, গত কয়েক বছর ধরে আইনশৃঙ্খলা বাহিনীকে এ সংক্রান্ত বিষয়গুলোকে সামলাতে হচ্ছে।

ডিবি'র সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম বিভাগের অতিরিক্ত উপ-কমিশনার (এডিসি) মো. জুনায়েদ আলম সরকার বিবিসি বাংলাকে বলেন যে ডেটিং অ্যাপগুলোর মাধ্যমে মূলত অপহরনের শিকার বেশি হয়। "আমরা আরও এক দেড় বছর আগে থেকে এই কেসগুলো তদন্ত করছি। দেখা যায়, অ্যাপে পরিচয় হওয়ার পর একটা মেয়ে কারও বাসায় গেছে, যাওয়ার পর তাকে আটকে রেখে বাবা-মায়ের কাছ মুক্তিপণ আদায় করছে।" এই ঘটনাগুলো এখনও খুব

বাড়াবাড়ি পর্যায়ে না পৌঁছালেও 'আশেপাশে ঘটছে' বলে জানান তিনি। "আবার সমকামীদের অ্যাপ আছে। সেখান থেকে হত্যাকাণ্ডও হয়েছে। কিছু স্ক্যামিং গ্রুপ আছে, যারা সমকামীদেরই টার্গেট করে। তারা সমকামীদেরকে বাসায় ডাকে। ডেকে ওদের থেকে জিনিসপত্র নিয়ে নেয়। টর্চার করে।" তিনি ছেলেমেয়ে নির্বিশেষে সবাইকে এই ধরনের অ্যাপ ব্যবহার করার ক্ষেত্রে সতর্ক হওয়ার পরামর্শ দেন। তবে তথ্যপ্রযুক্তিবিদ সুমন আহমেদ সাবির যদিও মনে করেন যে সরকার থেকে এই বিষয়টিকে শক্তভাবে নজরদারি না করা হলে সমস্যা ক্রমশ বাড়বে। "যদি ঐ প্রতিষ্ঠানগুলোকে সরকার বলে দেয় যে, আমার দেশের এই বয়সের কম নাগরিকদেরকে ডেটিং অ্যাপে অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে তোমরা অনুমতি দিতে পারবে না, কেবল তখন সেটা নিয়ন্ত্রণ সম্ভব। তখন ছোট ছোট ছেলেমেয়েরা এই ট্র্যাপে পড়বে না।" (বিবিসি ওয়েব পেজ:১৪.০২.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বাংলাদেশের সাকিবকে পেছনে ফেলে ওয়ানডেতে সেরা অলরাউন্ডার আফগানিস্তানের নবী

আইসিসি ওয়ানডে খেলোয়ার হিসেবে র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের সাকিব আল হাসানকে পেছনে ফেলে শীর্ষ অলরাউন্ডার হয়েছেন আফগানিস্তানের মোহাম্মদ নবী। শ্রীলঙ্কার বিপক্ষে প্রথম ওয়ানডেতে নবীর ১৩৬ রানের অসাধারণ পারফরম্যান্স তাঁকে শীর্ষস্থানীয়দের তালিকার শীর্ষে নিয়ে যায়। সবচেয়ে বয়স্ক (৩৯ বছর এক মাস) খেলোয়ার হিসেবে তিনি এই মর্যাদা অর্জন করেছেন। ওয়ানডে অলরাউন্ডার হিসেবে সাকিবের রাজত্ব ছিল দুর্দান্ত। ২০১৯ সালের ৭ মে থেকে টানা ১ হাজার ৭৩৯ দিন (প্রায় পাঁচ বছর) তিনি এই আসনে অধিষ্ঠিত ছিলেন। এটি কোনো খেলোয়াড়ের জন্য ওয়ানডে র‍্যাঙ্কিংয়ের শীর্ষে দীর্ঘতম সময় টানা টিকে থাকার রেকর্ড। নবীর উত্থান ক্রিকেট বিশ্বে আফগানিস্তানের ক্রমবর্ধমান প্রাধান্যকে তুলে ধরে। এর আগে রশিদ খান (ওয়ানডে/টি-টোয়েন্টি বোলিং) ও মুজিব উর রহমান (টি-টোয়েন্টি বোলিং) আইসিসি র‍্যাঙ্কিংয়ের শীর্ষে ছিলেন।

মোহাম্মদ নবী সাকিব আল হাসানকে পেছনে ফেলেছেন শ্রীলঙ্কার বিপক্ষে খেলা ওয়ানডে সিরিজের পারফরম্যান্স দিয়ে। সিরিজের প্রথম ম্যাচে বল হাতে ১ উইকেট নেওয়ার পর ব্যাট হাতে ১৩৬ রানের ইনিংস খেলেছিলেন তিনি। আফগান এই অলরাউন্ডারের রেটিং পয়েন্ট ৩১৪। দ্বিতীয় স্থানে থাকা সাকিবের রেটিং পয়েন্ট ৩১০। ২৮৮ রেটিং পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে আছেন জিম্বাবুয়ের সিকান্দার রাজা। ৩৯ বছর ১ মাস বয়সে শীর্ষস্থানে উঠেছেন নবী। যা সবচেয়ে বেশি বয়সে অলরাউন্ডার র‍্যাঙ্কিংয়ে শীর্ষে ওঠার রেকর্ড। আগের রেকর্ডটি ছিল শ্রীলঙ্কার তিলকরত্নে দিলশানের। ব্যাটিং-অলরাউন্ডার তিলকরত্নে সর্বশেষ ১ নম্বর ছিলেন ২০১৫ সালের জুনে। সে সময়ে তাঁর বয়স ছিল ৩৮ বছর ৮ মাস। ওয়ানডে র‍্যাঙ্কিংয়ে আফগানিস্তানের আজমতউল্লাহ ওমরজাই অপরাজিত ১৪৯ রানের সুবাদে ১৯ ধাপ এগিয়ে ৫৭তম এবং শ্রীলঙ্কার চারিথ আসালাঙ্কা (৯৭), পাথুম নিসাঙ্কা ও সাদিরা সামারাবিক্রমা ব্যাটিং র‍্যাঙ্কিংয়ে উন্নতি করেছেন। বোলিং র‍্যাঙ্কিংয়ে ওয়ানিন্দু হাসারাঙ্গা ও দিলশান মধুশঙ্কা এগিয়েছেন। (ভোয়া ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ এলিনা)

### নতুন শিক্ষা ব্যবস্থা পরিবর্তনের পরিকল্পনা নেই : মহিবুল হাসান

শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, নতুন শিক্ষাব্যবস্থা পরিবর্তনের কোনো পরিকল্পনা নেই। বাংলাদেশ জাতীয় সংসদে বগুড়া থেকে নির্বাচিত জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ–ইনু) সংসদ সদস্য এ কে এম রেজাউল করিম তানসেনের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। তিনি বলেন, "তবে নতুন পদ্ধতি আরও কার্যকরভাবে বাস্তবায়নের জন্য শিক্ষাবিদদের সঙ্গে আলোচনা চলছে।" বুধবার (১৪ই ফেব্রুয়ারি) সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা বলেন। মহিবুল হাসান চৌধুরী বলেন, দেশের নতুন শিক্ষাব্যবস্থা মেধাবী জাতি তৈরি করবে। তিনি বলেন, নতুন পাঠ্যক্রমের ওপর ভিত্তি করে নতুন শিক্ষাব্যবস্থা আমাদের পরবর্তী প্রজন্মকে প্রতিযোগিতামূলক বিশ্বের পাশাপাশি চতুর্থ শিল্প বিপ্লব, বিশ্বায়ন, জলবায়ু পরিবর্তন ঝুঁকি এবং মধ্যম আয়ের দেশ থেকে উন্নত দেশে উত্তরণে সহায়তা করবে।

মহিবুল হাসান চৌধুরী বলেন, অতীতে নোটভিত্তিক ও সার্টিফিকেটভিত্তিক শিক্ষাব্যবস্থা থেকে বের হয়ে নতুন মেধাভিত্তিক শিক্ষাব্যবস্থার মাধ্যমে শিক্ষার্থীরা নতুন যুগের চ্যালেঞ্জ আরও কার্যকরভাবে মোকাবিলা করতে সক্ষম হবে। তিনি বলেন, "শিক্ষার্থীরা মেধাহীন নয়, নতুন শিক্ষাব্যবস্থায় শিক্ষার্থীরা আরও দক্ষ ও যোগ্য হয়ে উঠবে।" ঢাকা-৫ আসন থেকে নির্বাচিত স্বতন্ত্র সংসদ সদস্য মশিউর রহমান সজলের প্রশ্নের জবাবে মহিবুল হাসান চৌধুরী বলেন, নতুন শিক্ষাক্রমে পরীক্ষা নেই এমন নয়। তিনি বলেন, "নোট ও সার্টিফিকেটভিত্তিক শিক্ষাব্যবস্থা ভাঙতে নতুন শিক্ষা ব্যবস্থা ও মূল্যায়ন পদ্ধতি চালু করা হয়েছে, যা গতানুগতিক পরীক্ষা পদ্ধতি থেকে ভিন্ন।" তিনি বলেন, ফলে আগের মতো মুখস্থ নির্ভর পরীক্ষা না হওয়ায় নতুন পদ্ধতিতে পরীক্ষা নেই বলে অনেকেই অভিযোগ করছেন।

মহিবুল হাসান চৌধুরী বলেন, নতুন শিক্ষাক্রমে ধারাবাহিক ও সংক্ষিপ্ত মূল্যায়নের সমন্বয়ে একটি আধুনিক কর্মদক্ষতা মূল্যায়ন পদ্ধতি চালু করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন, এখানে লিখিত মূল্যায়ন, সমস্যা সমাধান, ব্যক্তিগত কাজ, দলগত কাজের মূল্যায়ন করা হচ্ছে। উপস্থাপনা ও যোগাযোগ দক্ষতা, সহযোগিতা, নেতৃত্ব, অর্জিত জ্ঞানের প্রয়োগ ও পর্যবেক্ষণ-সহ বিভিন্নভাবে শিক্ষার মূল্যায়ন করা হচ্ছে। (ভোয়া ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ এলিনা)

## বাংলাদেশে নারী জাগরণ ঘটেছে : প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের জন্য ১ হাজার ৫৫০ জনেরও বেশি নারীর আগ্রহ প্রকাশ প্রমাণ করে বাংলাদেশে নারী জাগরণ ঘটেছে। তিনি বলেন, "আমরা যখন দেখি মাত্র ৪৮টি সংরক্ষিত আসনের জন্য ১ হাজার ৫৫৩ জন নারী আশাবাদী, তখন আমরা এই উপসংহারে আসতে পারি যে বাংলাদেশে নারীর জাগরণ ঘটেছে।" বুধবার (১৪ই ফেব্রুয়ারি) সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সরকারি বাসভবন গণভবনে সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী নারীদের সঙ্গে এক সভায় এ কথা বলেন। তিনি বলেন, নারীরা এখন প্রতিটি সেক্টরে সফলভাবে কাজ করছে এবং তাদের যোগ্যতা প্রমাণ করছে। শেখ হাসিনা বলেন, "আমরা যেখানেই নারীদের পাঠাই, তারা সবাই সফলভাবে কাজ করে ... আমাদের নারীরা তাদের যোগ্যতার পরিচয় দিচ্ছে।" খেলাধুলা-সহ অন্য ক্ষেত্রে নারীদের সাফল্যের কথা তুলে ধরে তিনি বলেন, "নারীদের জন্য নানা প্রতিবন্ধকতা সৃষ্টির কোনো যুক্তি নেই।" তিনি বলেন, এটা অযৌক্তিক যে নারীরা খেলাধুলা, ব্যবসা ও চাকরিতে যোগ দিতে পারবে না। কারণ একজন নারী (বিবি খাদিজা) প্রথম ইসলাম গ্রহণ করেন। শেখ হাসিনা বলেন, বিবি খাদিজা একজন ব্যবসায়ী ছিলেন এবং তিনি ইসলাম প্রচার ও প্রসারের জন্য হজরত মুহাম্মদ (সা.)–কে তাঁর সমস্ত অর্থ ও সম্পদ দিয়ে সহায়তা করেছিলেন। ইসলাম নারীকে এমনকি হিজড়া সম্প্রদায়কেও যথেষ্ট অধিকার দিয়েছে উল্লেখ করে তিনি বলেন, "নারীদেরকে অবহেলা করার কোনো সুযোগ নেই। এ ব্যাপারে আমরা খুবই সচেতন। আজ গ্রাম পর্যায় পর্যন্ত বাংলাদেশের কোনো নারীই পিছিয়ে নেই।" শেখ হাসিনা দৃঢ় আশাবাদ ব্যক্ত করে বলেন, ভবিষ্যতে বাংলাদেশে আরও বেশিসংখ্যক নারী সরাসরি ভোটের মাধ্যমে এগিয়ে আসবে। উল্লেখ্য. বাংলাদেশ জাতীয় সংসদে ৩৫০টি আসন রয়েছে। এর মধ্যে ৫০টি আসন নারীদের জন্য সংরক্ষিত। (ভোয়া ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ এলিনা)

## মিয়ানমারের সেনা ও সীমান্তরক্ষীসহ ৩৩০ জনকে বৃহস্পতিবার ফেরত পাঠানো হবে : বিজিবি

মিয়ানমারের সামরিক বাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের মধ্যে বাংলাদেশে আশ্রয় নেওয়া দেশটির সেনা ও সীমান্তরক্ষী বাহিনীর সদস্য এবং শুল্ক কর্মকর্তাসহ ৩৩০ জনকে বৃহস্পতিবার (১৫ই ফেব্রুয়ারি) একটি জাহাজে করে মিয়ানমারে ফেরত পাঠানো হবে। এ তথ্য জানিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

বুধবার (১৪ ফেব্রুয়ারি) বিজিবির জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম বলেন, বিজিবির তত্ত্বাবধানে কক্সবাজার জেলার ইনানীর নৌ জেটিঘাট দিয়ে বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) সদস্য-সহ মিয়ানমারের নাগরিকদের সকাল ৮টায় দেশটির কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হবে। এর আগে মঙ্গলবার স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছিলেন, শিগগিরই মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর সদস্যদের ফেরত পাঠানো হবে। ২ ফেব্রুয়ারি রাত থেকে বাংলাদেশের নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনী বিজিপির সংঘর্ষ চলছে। ৪ই ফেব্রুয়ারি দিবাগত রাত ৩টা থেকে দুই পক্ষের মধ্যে থেমে থেমে গোলাগুলি ও মর্টার শেল নিক্ষেপের ঘটনা ঘটছে। ৫ই ফেব্রুয়ারি নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ইউনিয়নের জলপাইতলী গ্রামের একটি রান্নাঘরের ওপর মিয়ানমার থেকে ছোড়া মর্টার শেলের আঘাতে দুজন নিহত হন। নিহত দুজনের মধ্যে একজন বাংলাদেশি নারী, অন্যজন রোহিঙ্গা পুরুষ। সংঘাতকালে মিয়ানমার সেনা ও সীমান্তরক্ষী বাহিনীর সদস্য, শুল্ক কর্মকর্তা-সহ ৩৩০ জন বাংলাদেশে ঢুকে পড়েন। তারা বর্তমানে বিজিবির হেফাজতে আছে। উল্লেখ্য, জাতিগত সংখ্যালঘু রাখাইন আন্দোলনের প্রশিক্ষিত ও সুসজ্জিত সামরিক শাখা আরাকান আর্মি। তারা মিয়ানমারের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে স্বায়ত্তশাসন চায়। আরাকান আর্মি সশস্ত্র জাতিগত গোষ্ঠীর একটি জোটের সদস্য। তারা সম্প্রতি মিয়ানমারের উত্তর-পূর্বাঞ্চলে একটি কৌশলগত অঞ্চল প্রতিষ্ঠা করেছে। মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি এবং তা'আং ন্যাশনাল লিবারেশন আর্মির সঙ্গে থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স নামে একত্রে কাজ করে আরাকান আর্মি । এই জোট, ২০২৩ সালের ২৭ অক্টোবর চীন সীমান্তবর্তী উত্তরাঞ্চলীয় শান রাজ্যে একটি সমন্বিত আক্রমণ শুরু করে। ২০২১ সালের ফেব্রুয়ারিতে অং সান সু চির নির্বাচিত সরকারের কাছ থেকে সেনাবাহিনী ক্ষমতা দখলের পর থেকে এই অভিযান মিয়ানমারের সামরিক শাসকদের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এ জোটের বরাত দিয়ে অ্যাসোসিয়েট প্রেস (এপি) জানিয়েছে, তারা ২৫০টির বেশি সামরিক চৌকি, পাঁচটি সরকারি সীমান্ত ক্রসিং এবং চীন সীমান্তের কাছে একটি বড় শহর-সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ শহর দখল করে নিয়েছে। ২০১৭ সালের ২৫ই অগাস্ট মিয়ানমারের সেনাবাহিনী উত্তর রাখাইন রাজ্যে রোহিঙ্গা জনগোষ্ঠীর বিরুদ্ধে হিংসাত্মক অভিযান শুরু করে। যা ছিল আন্তর্জাতিক আইনের অধীনে গুরুতর অপরাধ। তখন সেনাবাহিনী গ্রামের পর গ্রাম জ্বালিয়ে দেয়। সেনাবাহিনীর নৃশংস অভিযানের ফলে, সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গা সম্প্রদায়ের অন্তত ৭ লাখ ৪০ হাজার সদস্য সীমান্ত পেরিয়ে বাংলাদেশে আশ্রয় নিতে বাধ্য হয়। রাখাইনের পুরোনো নাম আরাকান। (ভোয়া ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ এলিনা)

## ব্যাপক উৎসাহ ও ধর্মীয় ভাব গম্ভীর্যের মধ্য দিয়ে বাংলাদেশে পালিত হলো সরস্বতী পূজা

হিন্দু ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা বাংলাদেশে ব্যাপক উৎসাহ, উৎসব ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্যে দিয়ে বুধবার (১৪ই ফেব্রুয়ারি) পালিত হয়েছে। সরস্বতী পূজা বাংলা মাস মাঘের শুক্লা পঞ্চমী তিথিতে পালিত হয়। দিনটিকে বলা হয় 'বসন্ত পঞ্চমী'। হিন্দু ভক্তরা বিশেষ করে শিক্ষার্থীরা দেবী সরস্বতীর পূজা করে এবং

শিক্ষাপ্রতিষ্ঠান ও মন্দিরে পূজা উদ্‌যাপন করে। এ উপলক্ষ্যে রাজধানী ঢাকার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা উদ্‌যাপন কমিটি ক্যাম্পাসে সরস্বতী পূজার আয়োজন করে। এ ছাড়া, ঢাকা-সহ বাংলাদেশের বিভিন্ন স্থানে সরস্বতী পূজার আয়োজন করা হয়। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বুধবার সরস্বতী পূজা উপলক্ষ্যে হিন্দু ধর্মাবলম্বীদের শুভেচ্ছা জানান। (ভোয়া ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ এলিনা)

## শ্রীলঙ্কার বিপক্ষে টি-টোয়েন্টি ও ওয়ানডে সিরিজের জন্য দল ঘোষণা বিসিবির

এ বছরের মার্চে অনুষ্ঠিতব্য শ্রীলঙ্কার বিপক্ষে বাংলাদেশের তিনটি টি-টোয়েন্টির ম্যাচ ও ওয়ানডের দুই ম্যাচের জন্য দল ঘোষণা করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। মঙ্গলবার (১৩ই ফেব্রুয়ারি) দল ঘোষণা করা হয়। বাংলাদেশের জাতীয় টি-টোয়েন্টি দলে প্রথমবারের মতো ডাক পেয়েছেন ডানহাতি স্পিনার আলিস আল ইসলাম। এ ছাড়া, সাম্প্রতিক খেলায় দুর্দান্ত পারফরম্যান্সের ভিত্তিতে টি-টোয়েন্টি দলে ফিরেছেন অভিজ্ঞ অলরাউন্ডার মাহমুদউল্লাহ রিয়াদ। আলিসের অন্তর্ভুক্তি একটি বিস্ময়কর পদক্ষেপ। কারণ তিনি ২৪টি টি-টোয়েন্টিতে মাত্র ১৯টি উইকেট নিয়েছেন। টি-টোয়েন্টিতে মেহেদী হাসান মিরাজ বা তানভীর ইসলামের মতো স্পিনারদের উপেক্ষা করার সিদ্ধান্তও অবাক করার মতো। টি-টোয়েন্টির দল থেকে বাদ পড়েছেন আফিফ হোসেন ও শামীম হোসেনও। নিউজিল্যান্ডের বিপক্ষে সবশেষ টি-টোয়েন্টি সিরিজে দলের হয়ে খেলেছিলেন তাঁরা। ৪ই মার্চ সিলেট আন্তর্জাতিক স্টেডিয়ামে প্রথম টি-টোয়েন্টি দিয়ে শুরু হবে শ্রীলঙ্কা সিরিজ। একই ভেন্যুতে ৬ ও ৯ই মার্চ হবে বাকি দুটি টি-টোয়েন্টি ম্যাচ। প্রথম দুই ম্যাচ শুরু হবে সন্ধ্যা ৬টায়। আর তৃতীয় ম্যাচটি শুরু হবে বিকেল ৩টায়। এরপর ১৩, ১৫ ও ১৮ই মার্চ চট্টগ্রামে অনুষ্ঠিত হবে ওয়ানডে সিরিজের ম্যাচগুলো। প্রথম দুটি ওয়ানডে শুরু হবে দুপুর আড়াইটায় এবং তৃতীয় ম্যাচটি শুরু হবে সকাল ১০টায়। সিরিজ শেষে দুই ম্যাচের টেস্ট সিরিজে অংশ নেবে দুই দল। প্রথম টেস্ট শুরু হবে ২২ই মার্চ চট্টগ্রামে। দ্বিতীয় টেস্ট শুরু হবে ৩০ মার্চ সিলেটে।

টি-টোয়েন্টি স্কোয়াড:

নাজমুল হোসেন শান্ত (অধিনায়ক), লিটন দাস, এনামুল হক বিজয়, মোহাম্মদ নাঈম, তাওহিদ হৃদয়, সৌম্য সরকার, মেহেদী হাসান, মাহমুল্লাহ রিয়াদ, তাইজুল ইসলাম, রিশাদ হোসেন, তাসকিন আহমেদ, মুস্তাফিজুর রহমান, শরিফুল ইসলাম, তানজিম হাসান সাকিব ও আলিস আল ইসলাম।

ওয়ানডে স্কোয়াড (দুই ম্যাচের জন্য):

নাজমুল হোসেন শান্ত (অধিনায়ক), এনামুল হক বিজয়, সৌম্য সরকার, তানজিদ হাসান তামিম, লিটন দাস, মুশফিকুর রহিম, তাওহিদ হৃদয়, মাহমুদউল্লাহ রিয়াদ, মেহেদি হাসান মিরাজ, তাইজুল ইসলাম, রিশাদ হোসেন, তাসকিন আহমেদ, শরিফুল ইসলাম, তানজিম হাসান সাকিব এবং মুস্তাফিজুর রহমান।

(ভোয়া ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ এলিনা)

## প্রধান বিচারপতির বাসভবনে ভাঙচুরের মামলায় বিএনপি নেতা মির্জা ফখরুল ও আমীর খসরুর জামিন

প্রধান বিচারপতির বাসভবন ভাঙচুরের মামলায় বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরীর জামিন আবেদন মঞ্জুর করেছেন আদালত। বুধবার (১৪ই ফেব্রুয়ারি) ঢাকার মহানগর দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক ফয়সাল আতিক বিন কাদের তাঁদের জামিন আবেদন মঞ্জুর করেন। মির্জা ফখরুল ও আমীর খসরুর আইনজীবী সৈয়দ জয়নুল আবেদীন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, যেহেতু তাঁর মক্কেলরা তাদের বিরুদ্ধে দায়ের করা সব মামলায় জামিন পেয়েছেন, তাই জেল থেকে বের হতে আর কোনো বাধা নেই। ২০২৩ সালের ২৮ই অক্টোবর বিএনপির মহাসমাবেশ চলাকালে প্রধান বিচারপতির বাসভবনে হামলা ও ভাঙচুরের অভিযোগে রমনা থানায় তাঁদের বিরুদ্ধে মামলা করে পুলিশ। ওই মামলায় মির্জা ফখরুল ছাড়াও স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস-সহ ৫৯ নেতাকর্মীকে অভিযুক্ত করা হয়। ২৮ই অক্টোবর বিএনপির মহাসমাবেশ এবং এরপরের সংঘর্ষ ও সহিংসতাকে কেন্দ্র করে সহিংসতার ঘটনায় মির্জা ফখরুলের বিরুদ্ধে ১১টি মামলা দেওয়া হয়। এর আগে ১০টি মামলায় তিনি জামিন পেয়েছেন। প্রধান বিচারপতির বাসভবনে হামলার মামলায় তাঁর জামিন বুধবার মঞ্জুর করেন আদালত। অন্যদিকে আমীর খসরু মাহমুদ চৌধুরীর বিরুদ্ধে ১০টি মামলা হয়। এর আগে তিনি ৯টি মামলায় জামিন পান। বুধবার তিনিও প্রধান বিচারপতির বাসভবনে হামলার মামলায় জামিন পেয়েছেন। সর্বশেষ এ বছরের ১৭ই জানুয়ারি ঢাকার পল্টন থানায় হওয়া একটি মামলায় জামিন পান মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এর আগে ১০ই জানুয়ারি ঢাকার সিএমএম আদালত থেকে ৯টি মামলায় জামিন পেয়েছিলেন মির্জা ফখরুল। ২০২৩ সালের ২৯ই অক্টোবর গ্রেপ্তার হয়ে সেদিন থেকে সাড়ে তিন মাস সময় ধরে কারাগারে রয়েছেন মির্জা ফখরুল। ২৮ই অক্টোবর ঢাকায় বিএনপির মহাসমাবেশ ঘিরে পুলিশের সঙ্গে দলটির নেতা-কর্মীদের সংঘর্ষের ঘটনায় করা মামলায় গ্রেপ্তার হয়ে কারাগারে আছেন আমীর খসরু মাহমুদ চৌধুরী। পুলিশ সদস্য হত্যা মামলায় তাঁকে ২০২৩ সালের ২রা নভেম্বর রাতে গ্রেপ্তার করা হয়।

(ভোয়া ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## আওয়ামী লীগ সরকার নারীর অধিকার নিশ্চিত করেছে : প্রধানমন্ত্রী

আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর নারীর অধিকার নিশ্চিত হয়েছে বলে দাবি করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ গণভবনে সংরক্ষিত নারী আসনের প্রার্থী চূড়ান্ত করতে আওয়ামী লীগের মনোনয়ন বোর্ডের সভায় যোগ দিয়ে প্রধানমন্ত্রী এ কথা বলেন। এ সম্পর্কে ঢাকা থেকে আরও জানাচ্ছেন আমাদের বিশেষ প্রতিনিধি :

আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর নারীর অধিকার নিশ্চিত হয়েছে বলে জানিয়েছেন, আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, অর্থনৈতিক স্বাধীনতা অর্জন নারীর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বুধবার গণভবনে সংরক্ষিত নারী আসনের প্রার্থী চূড়ান্ত করতে আওয়ামী লীগের মনোনয়ন বোর্ডের সভায় যোগ দিয়ে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। এসময় উন্নত দেশ গড়তে নারী-পুরুষ সবাইকে একসাথে কাজ করার আহ্বান জানান তিনি। সকালে গণভবনে দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনে, আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশীদের সঙ্গে মতবিনিময় করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুরুতেই সবাইকে বসন্তের শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী। পরে মনোনয়ন প্রত্যাশীদের উদ্দেশ্যে দলের সভাপতি বলেন, সকলেই যোগ্য, তবে মনোনয়ন না পেলেও নিজের যোগ্যতায় কাজ করে, মানুষের আস্থা অর্জন করতে হবে (স্বকণ্ঠে) : এই যে আপনাদের নিজত্ব দেবার যে একটা আকাঙ্ক্ষা এটা কিন্তু কখনো মানে নোমিনেশন না পেলেও যেন হারিয়ে না যায়। প্রধানমন্ত্রী বলেন, নারীর ক্ষমতা ও অর্থনৈতিক স্বাধীনতা নিশ্চিতে আওয়ামী লীগ সবসময়ই সোচ্চার। তিনি বলেন, আওয়ামী লীগ নেতাকর্মীরা অত্যাচার-নির্যাতন সহ্য করে, সংগ্রাম করে ক্ষমতা ফিরে পেয়েছে। জনগণের ভাগ্য পরিবর্তনে কাজ করে যাওয়ার কথা বলেন তিনি (স্বকণ্ঠে) : মেয়েদের যেখানে দিই সেখানে কিন্তু খুব সাফল্যের সাথে তারা কাজ করে। আমাদের দেশটাকে আরো উন্নত করতে চাই, কাজেই সেখানে সবাইকে কাজ করতে হবে। আওয়ামী লীগ উন্নয়নে বিশ্বাসী, প্রতিহিংসার রাজনীতি করে না বলেও জানান দলের সভাপতি শেখ হাসিনা। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৪.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## মির্জা ফখরুল এবং আমির খসরু জামিল মঞ্জুর করেছে আদালত

প্রধান বিচারপতির বাসভবনে হামলা ও নাশকতার অভিযোগে রমনা থানার মামলায় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও দলটির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরীর জামিন মঞ্জুর করেছে আদালত। আজ ঢাকা মহানগর দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক ফয়সাল আতিক বিন কাদেরের আদালতে শুনানি শেষে এ আদেশ দেয়। গত ২৮ই অক্টোবর মহাসমাবেশ সংঘর্ষের ঘটনায় দায়ের করা সব মামলায় জামিন পেলেন তারা। সেক্ষেত্রে তাদের কারা মুক্তিতে কোনো বাধা নেই বলে জানিয়েছেন আইনজীবী জয়নাল আবেদিন মিজবাহ। মির্জা ফখরুলের আইনজীবীরা জানিয়েছেন, অন্য সব মামলায় আগেই জামিন হয়েছে। এখন বিএনপি মহাসচিবের মুক্তি পেতে আইনগত কোনো বাধা নেই। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৪.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## গোলাগুলি বন্ধ হলেও উৎকণ্ঠা কমেনি সীমান্তবর্তী বাংলাদেশের মানুষের

মিয়ানমারে চলমান-অভ্যন্তরীণ সংঘাতের ফলে উদ্ভূত পরিস্থিতিতে উদ্বেগ-উৎকণ্ঠা বেড়েছে বাংলাদেশের সীমান্তবর্তী এলাকার মানুষের মাঝে।

মিয়ানমারের আভ্যন্তরীণ যুদ্ধ কিংবা গৃহযুদ্ধ যে নামেই বলা হোক না কেন, উদ্ভূত পরিস্থিতিতে উদ্বেগ-উৎকণ্ঠা বেড়েছে বাংলাদেশের সীমান্তবর্তী এলাকার মানুষের মনে। বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের তুমব্রু বাসিন্দারা এখনো সন্দেহ-সংশয়ে দিন কাটাচ্ছেন। জনৈক ব্যক্তি (এক) (স্বকণ্ঠে) : এভেইলেবেল মর্টারশেল কিংবা রকেট লাঞ্চার বিভিন্ন জায়গায় পড়ে আছে। আমরা এখন আতঙ্কের মধ্যে আছি যে, আমাদের এলাকায় এরকম বড় ধরনের বিস্ফোরক কিছু পড়ে আছে কি না! জনৈক ব্যক্তি (দুই) (স্বকণ্ঠে) : সংঘর্ষের মাঝে আমাদের ওইখানে গুলি পড়ছে দুইটা। একটা বাড়িতে তাই আমরা ভয়ের মধ্যে আছি। সীমান্তের ওপারে মিয়ানমারে সংঘাত শুরুর পর আতঙ্কে অনেকে এলাকা ছেড়ে আত্মীয়-স্বজন-সহ অন্যত্র চলে গিয়েছিলেন। গোলাগুলি কমলে আবার ফিরেও আসেন তারা।

এদিকে, মিয়ানমারের বিদ্রোহীদের আক্রমণের মুখে মিয়ানমার থেকে বাংলাদেশে পালিয়ে আসা দেশটির সীমান্তরক্ষী বাহিনী বিজিপি-সহ ৩৩০ জন নাগরিককে আগামীকাল ফেরত পাঠানো হবে। বুধবার বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। বার্তায় বলা হয়েছে, বাংলাদেশে আশ্রয় নেয়া মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর সদস্য-সহ, ৩৩০ জনকে বিজিবির সার্বিক তত্ত্বাবধানে, কক্সবাজারের ইনানীর নৌবাহিনী জেটিঘাট থেকে বৃহস্পতিবার সকাল আটটায়, দেশটির কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হবে। বিদ্রোহীদের আক্রমণে টিকতে না পেরে, বাংলাদেশে এসে আশ্রয় নেয় মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনী বিজিপি সেনা-সহ বিভিন্ন সংস্থা ও দপ্তরের সদস্যরা। তবে প্রশ্ন দেখা দিয়েছে বাংলাদেশের অভ্যন্তরে সশস্ত্র অবস্থায় প্রবেশ করা মিয়ানমারের বিজিপি কিংবা সেনা সদস্যদের বিরুদ্ধে কোনো আইনি ব্যবস্থা নেয়া হবে কি না ? এ নিয়ে চলছে নানা আলোচনা। বিশ্লেষক মহলেও বইছে আন্তর্জাতিক আইনের ও ভূরাজনৈতিক দৃষ্টিভঙ্গির চুলচেরা বিশ্লেষণ। এবিষয়ে মিয়ানমারের বাংলাদেশ দূতাবাসের সাবেক মিশন প্রধান অবসর প্রাপ্ত মেজর এমদাদুল ইসলাম মনে করেন, ব্যবস্থা নিলে রোহিঙ্গা প্রত্যাবর্তন ব্যাহত হতে পারে। তাই সীমান্ত সংঘাত এড়িয়ে এ অঞ্চলের শান্তি ও সুরক্ষার প্রশ্নে সহজ সমাধানই বাংলাদেশের জন্য মঙ্গল বয়ে

আনবে (স্বকণ্ঠে) : কোনো ধরনের কোনো মানবাধিকার লংঘনে জড়িত ছিল কি না বা আছে কি না এসব এখন বিচার না করে বরং একটা পারস্পরিক বোঝা-পড়ার মাধ্যমে আমাদের যে মৌলিক উদ্দেশ্য রোহিঙ্গাদের ফেরত পাঠানো সেদেশে সেটাকেই অবজেক্ট হিসেবে ধরে এদেরকে বিচার না করে বরং এদেরকে ফেরত পাঠালেই হয়তো একটা গুড উইল তাদের মধ্যে সৃষ্টি হবে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৪.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### ভারতীয় কৃষকরা সাধারণ নির্বাচনের আগে বিশাল এক সমাবেশ করেছেন

ভারতের কৃষকরা, তাদের ফসলের জন্য আইনী সহায়তার মধ্যে দিয়ে ন্যূনতম ক্রয়মূল্যের জন্য সরকারের কাছ থেকে নিশ্চয়তা দাবি করে নতুন দিল্লির উপকণ্ঠে প্রতিবাদ জানাতে রাস্তায় নেমেছেন। কৃষিজীবী সংগঠনের ডাকে মঙ্গলবার এই বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। স্থানীয় সংবাদ মাধ্যম জানায় যে, কয়েক হাজার কৃষক ও তাদের সমর্থকরা এতে অংশ নেন। বিক্ষোভকারী কৃষকদের কয়েকজন প্রধান সড়কে স্থাপন করা ব্যারিকেড ভেঙ্গে প্রবেশ করেন এবং ঢিল ছোঁড়েন, অন্যদিকে পুলিশ কর্মকর্তারা কাঁদানে গ্যাস নিক্ষেপ করলে বিক্ষোভকারীদের কেউ কেউ আহত হন। ভারতের অর্থনীতি ক্রমাগত প্রবৃদ্ধি অর্জন করলেও দেশের প্রায় ৭০ শতাংশ মানুষ গ্রামীণ এলাকায় বাস করেন এবং তাদের অধিকাংশই দরিদ্র। ভারতে মে মাসে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে এবং কৃষকদের দারিদ্র্য কীভাবে মোকাবেলা করা যায় তা হচ্ছে নির্বাচনের অন্যতম প্রধান একটি বিষয়। (এনএইচকে ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### উত্তরাঞ্চলে গ্যাসহীন তিন দিনের প্রস্তুতি

বাংলাদেশের উত্তরাঞ্চলে রাজশাহী, পাবনা, বগুড়া এবং সিরাজগঞ্জে বৃহস্পতিবার রাত ৮টা থেকে রবিবার রাত ৮টা পর্যন্ত গ্যাস সরবরাহ বন্ধ থাকবে। ওইসব এলাকায় গ্যাস সংযোগ অনেক কম থাকলেও যাদের আছে তারা বিপাকে পড়েছেন। ওই এলাকায় এরই মধ্যে সিলিন্ডার গ্যাসের দাম বেড়ে গেছে। কেউ কেউ তিন দিনের খাবার এক সঙ্গে রান্না করে ফ্রিজে রেখে তিন দিন কোরোসিনের চুলা, হিটার বা অন্য কোনো উপায়ে গরম করে খাওয়ার প্রস্তুতি নিচ্ছেন। আর যেসব শিল্প কারখানায় গ্যাস সংযোগ আছে, বিকল্প ব্যবস্থা না থাকায় তারা কারখানা বন্ধ রাখবেন বলে জানা গেছে। সিরাগঞ্জের হাটিকুমরুল এলাকায় গ্যাস সঞ্চালন লাইন প্রতিস্থাপন কাজের জন্য পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড (পিজিসিএল)-এর আওতায় ওই জেলাগুলোর গ্রাহকরা ওই তিন দিন গ্যাস পাবেন না। পিজিসিএল-এর মহাব্যবস্থাপক (বিপনন) প্রকৌশলী শৈলজানন্দ বসাক ডয়চে ভেলেকে বলেন, ''গ্যাস লাইন প্রতিস্থাপনের কাজ করবে গ্যাস ট্রান্সমিশন কোম্পানি (ডিটিসিল)। তাদের কাছ থেকে আমরা গ্যাস নিয়ে বিতরণ করি। রোডস অ্যান্ড হাইওয়েজ-এর ডিমান্ডে গ্যাস লাইন শিফটিংয়ের এই কাজ হবে। ওখানে সড়ক উন্নয়নের কাজ হবে।''

পিজিসিএল-এর জনসংযোগ বিভাগের ব্যবস্থাপক মো. কাওছার আহমেদ জানান, ''ওই এলাকায় গ্যাস ট্রান্সমিশন লাইনের ১.৩২ কিলোমিটার এলাকায় গ্যাস ট্রান্সমিশন লাইনের ৩০ ইঞ্চি পাইপ লাইন প্রতিস্থাপন করা হবে।'' তিনি বলেন, ''আমরা আমাদের গ্রাহকদের নোটিশ ও পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে ওই তিনদিন যে গ্যাস থাকবে না তা জানিয়ে দিয়েছি। মাইকিংও করা হচ্ছে। আমাদের কাছে কোনো বিকল্প ব্যবস্থা নাই। গ্রাহকদেরই এই তিন দিনের ব্যবস্থা করতে হবে। তবে পাইপলাইনে কিছু গ্যাস থাকে। তা দিয়ে গৃহস্থালির রান্নার কাজে হয়তো কিছু গ্যাস পাওয়া যেতে পারে।''

পিজিসিএল-এর গ্যাস সরবরাহের আওতাভুক্ত এলাকাগুলো হলো রাজশাহী সিটি কর্পোরেশন,সিরাজগঞ্জ জেলা,সিরাজগঞ্জ সদর উপজেলা, উল্লাপাড়া উপজেলা,শাহজাদপুর উপজেলা, পাবনা জেলা, পাবনা সদর উপজেলা, বেড়া উপজেলা,সাঁথিয়া উপজেলা,ঈশ্বরদী উপজেলা,বগুড়া জেলা,বগুড়া সদর উপজেলা ও শাজাহানপুর উপজেলা। পিজসিএলএর ওয়েবসাইটের তথ্য মতে, তাদের মোট গ্রাহক এক লাখ ২৯ হাজার ৪১১। তার মধ্যে ১০টি বিদ্যুৎ কেন্দ্র, ৫৩টি ক্যাপটিভ পাওয়ার, ৩১টি সিএনজি স্টেশন, ১৩৩টি শিল্প প্রতিষ্ঠান, ৩৩২টি বাণিজ্যিক প্রতিষ্ঠান ও এক লাখ ২৮ হাজার ৮৫২ আবাসিক গ্রাহক রয়েছে। ফলে ওই সময়ে উত্তরাঞ্চলের জেলাগুলোতে বিদ্যুৎ উৎপাদন ও শিল্প উৎপাদনও ব্যাহত হবে। সিএনজি স্টেশনগুলোতে গ্যাস থাকবে না, এ কারণে জিএনজি চালিত যানবাহনের জন্য সমস্যা হবে। আবাসিক গ্রাহকদেরও বিকল্প ব্যবস্থায় রান্নাবান্না করতে হবে।

রাজশাহী চেম্বার অ্যান্ড কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রির সভাপতি মাসুদুর রহমান রিংকু বলেন, ''রাজশাহী-সহ উত্তরাঞ্চলের জেলাগুলোতে শিল্প গ্যাস আসলে নামমাত্র। শহরে সিএনজি স্টেশন আছে মাত্র একটি। তাও গ্যাসের অভাবে প্রায়ই বন্ধ থাকে। তারা যে সংখ্যা জানাচ্ছে ওগুলো কানেকশনের হিসাব। কিন্তু বাস্তবে গ্যাস দেয়া হয়নি। এসিআই'র একপি শিল্প গ্যাসে চলে তা-ও ঠিকমতো পায় না। আর এই তিন দিনে অল্প কয়েকটি শিল্প কারখানা, যাদের গ্যাস আছে, সেগুলো বন্ধ রাখতে হবে। বিকল্প কোনো ব্যবস্থা নাই।'' সিরাজগঞ্জের লাবলু-বাবলু কম্পোজিট টেক্সটাইল মিলের ব্যবস্থাপনা পরিচালক তোফাজ্জল হোসেন বাবলু বলেন, ''আমাদের কোনো বিকল্প ব্যবস্থা নাই। ওই তিনদিন আমাদের কারাখানা বন্ধ থাকবে। আমার জানা মতে, আরো যে কয়েকটি কারখানায় গ্যাস সংযোগ আছে, তাদেরও বন্ধ রাখতে হবে। তাদেরও বিকল্প কোনো ব্যবস্থা নাই।'' এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ''তিন দিনে ক্ষতি হবে। শ্রমিক কর্মচারীদের বসিয়ে বেতন দিতে হবে। অর্ডার ফেল করবে। কিন্তু আমাদের তো কিছু করার নেই।'' ঈশ্বরদীর মোতাহেরা জাহান

লাবনী বলেন, ''আমি কিছু খাবার রান্না করে এরইমধ্যে ফ্রিজে রেখেছি। পরে গরম করে আমরা খাব। তবে তিন দিনের খাবার রান্না করে রাখা কঠিন।'' তার কথা, ''গ্যাস লাইন থাকায় আমরা সিলিন্ডার গ্যাসও ব্যবহার করি না। আর সিলিন্ডারের চুলাও আলাদা। তিনদিনের জন্য অত টাকা খরচ করে সিলিন্ডার আর চুলা কেনা সম্ভব নয়। খুব সমস্যা হলে আত্মীয়-স্বজন যারা সিলিন্ডার গ্যাস ব্যবহার করে তাদের বাসায় চলে যাব তিনদিনের জন্য।'' পাবনা শহরের পবন আহমেদ বলেন, ''আজকেই আমি সিলিন্ডার এবং চুলা কিনে এনেছি। এরই মধ্যে ১২ কেজি সিলিন্ডারের দাম ২০০ টাকা করে বেড়ে গেছে। চুলা, সিলিন্ডার মিলিয়ে আমার সাড়ে পাঁচ হাজার টাকা খরচ হয়েছে। তিন দিনের জন্য এই টাকা খরচ করতে বাধ্য হয়েছি, নয়ত রান্নাবান্না বন্ধ থাকবে।'' তিনি জানান, ''আমার ছয় তলা বাড়ি। আরো যারা ভাড়াটিয়া আছেন তারাও একইভাবে সিলিন্ডার চুলা কিনে আনছেন। এছাড়া উপায় নেই।''

রাজশাহী শহরের সাদিয়া গ্যাস বিতানের সাইফুল ইসলাম শ্যামল বলেন, ''রাজশাহী-সহ উত্তরাঞ্চলে গ্যাসসংযোগ সামান্যই আছে। শহরে ১২ হাজারের মতো বাড়িতে গ্যাস লাইন আছে। এই অঞ্চলের অধিকাংশ পরিবারই সিলিন্ডার গ্যাস ব্যবহার করেন রান্নার কাজে।'' তিনি এক প্রশ্নের জবাবে বলেন, ''আমি রাজশাহী শহরে প্রতি মাসে ৫০০ সিলিন্ডার বিক্রি করি। কেউ দুই হাজারও বিক্রি করেন। সিলিন্ডার বিক্রির আড়াইশ দোকান আছে।'' প্রতি দোকান মাসে গড়ে এক হাজার সিলিন্ডার বিক্রি করলে রাজশাহী শহরে মাসে দুই লাখ ৫০ হাজারটির মতো গ্যাস সিলিন্ডার বিক্রি হয়। ১২ কেজি সিন্ডিারের দাম এখন এক হাজার ৫০০ টাকায় বিক্রি হচ্ছে। বাসবাড়িতে রান্নার কাজে ১২ কেজি সিলিন্ডারেরই চাহিদা বেশি। ৩৫-৪৫ কেজির সিলিন্ডারও আছে। সেগুলোর চাহিদা হোটেল-রেস্টুরেন্টে বলে জানান তিনি। তিনি বলেন, ''তিন দিন গ্যাস থাকবে না- এ খবরে সিলিন্ডারের চাহিদা কিছুটা বেড়েছে।'' তবে দাম বাড়ানোর অভিযোগ অস্বীকার করেন তিনি।

জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের হিসেবে সবচেয়ে বেশি চাহিদার ১২ কেজি সিলিন্ডার সারাদেশে মাসে ৯০ লাখ বিক্রি হয়। আর এলপিজি ওনার্স অ্যাসোসিয়েশন বলছে, দেশে মাসে এক লাখ ২০ হাজার টনের বেশি এলপিজির চাহিদা আছে। বসুন্ধরা এলপিজির হেড অব মর্কেটিং জাকারিয়া জালাল জানান, ''দেশে পাঁচ কোটি সিলিন্ডার আছে। এর মধ্যে মাসে ৯০ লাখ থেকে এক কোটি সিলিন্ডার গ্যাস বিক্রি হয়।'' তিনি বলেন, ''উত্তরাঞ্চলে গ্যাস সংযোগ কম। পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড গ্যাস পায় অনেক কম। তাই তারা সংযোগ দিতে পারে না। তাই ওই অঞ্চলে যারা রান্নার গ্যাস ব্যবহার করেন, তাদের অধিকাংশই সিলিন্ডার গ্যাস ব্যবহার করেন। সিলিন্ডার গ্যাসের ওটা বড় মার্কেট।'' তিনি জানান, ''আমার কাছে যে হিসাব আছে তাতে সারাদেশের চাহিদার মধ্যে উত্তরাঞ্চলে, যমুনা ব্রিজের পর থেকে রংপুর পর্যন্ত মাসে সিলিন্ডারের চাহিদা ১৮ থেকে ২০ শতাংশ, অর্থাৎ, ১৮-২০ লাখ সিলিন্ডার বিক্রি হয়।'' তিনি মনে করেন, ''যেহেতু উত্তরাঞ্চলে খুব কম পরিবার পাইপ লাইনের গ্যাস ব্যবহার করে, তাই এই তিন দিন ভোগান্তিও কম মানুষের হবে।'' (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৪.০২.২০২৪ রিহাব)

## ইব্রাহীমের কান্না থামাবে কে?

মোহাম্মদ ইব্রাহীমের হাতে মায়ের রক্তেভেজা ব্লাউজ। কথোপকথনের এক পর্যায়ে দেখালেন সেটা। দিন কয়েক আগে প্রতিবেশী দেশ থেকে ছোঁড়া গোলার আঘাতে নিজের রান্নাঘরে প্রাণ গেছে তার মায়ের। তিনি তার মায়ের হত্যার বিচার চান। ইব্রাহীমের সঙ্গে কথা হচ্ছিল বাংলাদেশ-মিয়ানমার সীমান্তের বাংলাদেশ অংশের বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের জলপাইতলী গ্রামে। ছোট্ট একটা টিলার উপরে তাদের ঘর। ঘরের একপাশে বিস্তৃত সবুজ ধানক্ষেত। আর তারপরেই কাঁটাতারের বেড়া। এই বেড়া বাংলাদেশ এবং মিয়ানমারকে বিচ্ছিন্ন করেছে। ইব্রাহীমের বক্তব্য অনুযায়ী, গত পাঁচ ফেব্রুয়ারি এই বেড়ার ওপাড় থেকে ছোঁড়া একটি মর্টার শেল এসে পড়ে তার বাড়ির ছোট্ট উঠোনের ঠিক যেখানে তার মা হোসনে আরা বেগম দুপুরের রান্না করছিলেন, সেখানে। মাটির চুলায় রান্না করতে পছন্দ করতেন তার মা। গোলার আঘাতে গুরুতর আহত হন। তবে তারপরও কিছুক্ষণ বেঁচে ছিলেন তিনি। হাসপাতালে নিতে নিতে অবশ্য নিথর হয়ে পড়েন হোসনে আরা বেগম। আর ঘটনাস্থলে প্রাণ হারান আরেক ব্যক্তি, আহত হয় কয়েকটি শিশুও।

স্বাধীন রাষ্ট্রে মায়ের এমন মৃত্যু কিছুতেই মেনে নিতে পারছেন না ইব্রাহীম। ভিনদেশিরা তার মাকে হত্যা করেছে বলে মনে করেন তিনি। ইব্রাহীম তাই এই হত্যাকাণ্ডের বিচার চান। তবে, বিচার কীভাবে হবে সে সম্পর্কে তার কোনো ধারণা নেই। বিষয়টি ঠিক জানেন না তার বড় ভাই মোহাম্মদ শফিউল আলমও। তিনি শুনেছেন, আন্তর্জাতিক পর্যায়ে এই ঘটনার বিচার চাওয়া হবে। তবে বিচার চাওয়ার প্রক্রিয়াটি সেখানকার কেউই সেভাবে জানাতে পারলেন না। বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-র এক কর্মকর্তা টেলিফোনে জানালেন, তার কাছেও এই বিষয়ে কোনো তথ্য নেই। তবে তিনি জানিয়েছেন, নিহত হোসনে আরার পরিবারকে আর্থিক সহায়তা দেয়া হয়েছে। মোহাম্মদ ইব্রাহীম আক্ষেপের সুরে জানিয়েছেন, গোলার আঘাতে তার মা যখন গুরুতর আহত, তখন তাকে হাসপাতালে নিতে অ্যাম্বুলেন্স এসেছিল। সেই অ্যাম্বুলেন্সের ভাড়া দিতে হয়নি। কিন্তু তার মায়ের মৃতদেহ বহন করে আনা অ্যাম্বুলেন্সের ভাড়া ১৫ হাজার টাকা গুণতে হয়েছে তাদের। পাশাপাশি আরো খরচ করতে হয়েছে। দরিদ্র এই পরিবারের পক্ষে এভাবে অর্থ খরচ করা সহজ ব্যাপার নয়। মোহাম্মদ ইব্রাহীম অভিযোগ করে বলেন, ''মিয়ানমারে এই ঘটনা হচ্ছে অনেক আগে থেকেই। বিজিবি, প্রশাসনের লোক কোনো একটা মানুষকে সচেতন করে নাই যে গোলাগুলি হবে। আপনারা বর্ডার সাইডে যারা আছেন সতর্ক হয়ে নিরাপদ স্থানে চলে যান। যদি ঐ কথাটা বলত, আমরা নিরাপদ স্থানে চলে যেতাম। আমার মা মারা যেতো না এখানে।''

ঘুমধুমের স্থানীয় কয়েকজন এমন অভিযোগও করেছেন যে, সীমান্তের ওপাড়ে মিয়ানমারের নিরাপত্তা বাহিনী এবং জাতিগত বিদ্রোহী গোষ্ঠীগুলোর মধ্যে গোলাগুলি শুরুর পর এ পাড়ের বিজিবির সদস্যরাও সরে গিয়েছিলেন। ইব্রাহীমদের বাড়ি থেকে একটু দূরেই সীমান্তের কাছে দেখা গেল বিজিবির একটি নিরাপত্তা চৌকি। বিজিবির তিন সদস্য বিশ্রাম নিচ্ছিলেন সেখানে। ছবি তুলতে চাইলে জানালেন, বুলেট প্রুফ ভেস্ট আর হেলমেট ছাড়া তাদের ছবি তোলা যাবে না। তারা যখন সেসব পরছিলেন, তখন জানতে চাই, স্থানীয়দের অভিযোগের বিষয়ে। বিজিবির এক সদস্য তখন জানান, গোলাগুলির সময় বাঙ্কারে গিয়ে আশ্রয় নিয়েছিলেন তারা। তবে সীমান্তরক্ষায় নিরলসভাবে কাজ করে যাচ্ছেন তারা। সেই সদস্য এটাও জানালেন, তাদের উপর যে দায়িত্ব দেয়া হয়েছে সেই দায়িত্ব পালন করছেন তারা, অন্য কোনো বিষয়ে জানেন না। দায়িত্বটা কী জানতে চাইলে বললেন, রোহিঙ্গাদের অনুপ্রবেশ ঠেকানো।
এখানে বলা প্রয়োজন, বাংলাদেশের সীমান্তের ভেতরে প্রতিবেশী দেশের সীমান্তরক্ষীদের গুলিতে বাংলাদেশি নিহতের ঘটনা নতুন নয়। ভারত-বাংলাদেশ সীমান্তে এমন ঘটনা মাঝেমাঝেই ঘটে। সেসব নিয়ে বিস্তর আলোচনা হলেও ন্যায্য বিচার হয়েছে এমন ঘটনার কথা তেমন একটা শোনা যায় না। বাংলাদেশ-মিয়ানমার সীমান্তেও বাস্তবতা একইরকম হবে কি না এক্ষুণি হয়ত বলা যাবে না। তবে যে সীমান্তে মিয়ানমার থেকে ছোঁড়া গোলাগুলিতে হোসনে আর বেগম-সহ একাধিক ব্যক্তির প্রাণ গেছে, সেখান থেকে পালিয়ে আসা মিয়ানমারের সীমান্ত পুলিশ, সৈনিক এবং সরকারি কর্মকর্তারা অবস্থান করছেন ইব্রাহীমদের বাড়ির কাছেই এক স্কুলে। বিজিবির কড়া নিরাপত্তায় সেখানে অবস্থান করছেন তারা। এমনকি সংবাদমাধ্যমকেও সুযোগ দেয়া হচ্ছে না মিয়ানমারের এই নাগরিকদের কাছে ভেড়ার। সীমান্তে গোলাগুলির দায়ে এসব ব্যক্তিকে বিচারের মুখোমুখি করা নিয়ে দৃশ্যত বাংলাদেশের বিশেষ মাথাব্যথা আছে বলে মনে হচ্ছে না। তাদেরকে শুধু নিজ দেশে ফেরত পাঠানো নিয়েই কথা বলছেন দায়িত্বশীলরা। ইব্রাহীমের আশা, সীমান্তে নিরাপত্তা বাড়াতে আরও সচেতন হবে বাংলাদেশ। সেটা করলে তার মতো আর মা-হারা হতে হবে না অন্য কাউকে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ:১৪.০২.২০২৪ রিহাব)

## মুক্তির অপেক্ষায় মির্জা ফখরুল-আমীর খসরু

গত বছরের ২৮ অক্টোবর বিএনপি-পুলিশ সংঘর্ষের সময় প্রধান বিচারপতির বাসভবন ভাঙচুরের ঘটনায় করা মামলায় জামিন পেয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও দলের স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। এ আদেশে বিএনপির শীর্ষ এই দুই নেতার মুক্তিতে আইনি বাধা নেই বলে জানিয়েছেন তাদের আইনজীবী। পৃথক দুই জামিন আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকা মহানগর দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক ফয়সাল আতিক বিন কাদের এ আদেশ দেন। এ মামলায় এর আগে বিভিন্ন দফায় হাইকোর্ট ও নিম্ন আদালতে মোট চারবার মির্জা ফখরুলের জামিন আবেদন খারিজ হয়। আমীর খসরুর জামিন আবেদন খারিজ হয় চার বার। গত ২৮-এ অক্টোবর রাজনৈতিক সহিংসতার ঘটনায় রমনা ও পল্টন থানায় করা আরও ১০ মামলায় এর আগে জামিন পান ফখরুল। এর মধ্যে ছয়টি মামলা পল্টন মডেল থানায় এবং বাকিগুলো রমনা মডেল থানায় করা হয়।
(ডয়চে ভেলে ওয়েব পেজ:১৪.০২.২০২৪ রিহাব)

# রেডিও টুডে

## বাংলাদেশ আওয়ামী লীগ বারবার ক্ষমতায় আসবে এটা কেউ ভাবতে পারেনি : প্রধানমন্ত্রী

আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন এত চড়াই-উতরাই পার হয়ে আজকে বাংলাদেশ আওয়ামী লীগ বারবার ক্ষমতায় আসবে এটা কখনো কেউ ভাবতে পারেনি। বুধবার সকালে গণভবনে দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের দলীয় মনোনয়ন প্রত্যাশীদের সঙ্গে সৌজন্য সাক্ষাত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন আমার যাত্রাপথ এত সহজ ছিল না। নানারকম ষড়যন্ত্র-চক্রান্ত চলছিল। এখনো সেই ষড়যন্ত্র ও চক্রান্ত আছে। এ সময় তিনি আরো বলেন বাংলাদেশের জনগণই আমার আপনজন। তাদের ভাগ্য পরিবর্তনের জন্য যেভাবে আমার বাবা তার সারা জীবন উৎসর্গ করেছেন, যেভাবে আমার মা, ভাইয়েরা জীবন দিয়ে গেছেন প্রয়োজনে আমি আমার বুকের রক্ত ঢেলে দিব এই মানুষগুলোর ভাগ্য পরিবর্তনের জন্য। এ সময় বিএনপি'র সমালোচনাও করেন সরকার প্রধান।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৪.০২.২০২৪ আসাদ)

## প্রধান বিচারপতির বাসভবনে হামলার মামলায় জামিন পেয়েছেন মীর্জা ফখরুল ও আমির খসরু

গত বছর ২৮ই অক্টোবর বিএনপির মহাসমাবেশ চলাকালে বিএনপি'র সঙ্গে সংঘর্ষের সময় প্রধান বিচারপতির বাসভবনে হামলা ও নাশকতার অভিযোগে রমনা থানার মামলায় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও দলটির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরীর জামিন মঞ্জুর করেছেন আদালত। বুধবার ঢাকা মহানগর দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক আতিক বিন কাদেরের আদালত শুনানিতে এই আদেশ দেন।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৪.০২.২০২৪ আসাদ)

## বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে এসএসসি ও সমমানের পরীক্ষা

এ বছর এসএসসি ও সমমান পরীক্ষা আগামীকাল বৃহস্পতিবার ১৫ই ফেব্রুয়ারি শুরু হবে। শিক্ষা বোর্ডের রুটিন অনুযায়ী পরীক্ষা শেষ হবে একই বছরের ১২ই মার্চ। ব্যবহারিক পরীক্ষা ১৩ই মার্চ থেকে ২০ই মার্চের মধ্যে অনুষ্ঠিত

হবে। চলতি বছর ১১টি শিক্ষাবোর্ডের অধীনে ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। গত বছর পরীক্ষা দিয়েছিল ২০ লাখ ৭২ হাজার ১৬৩ জন। সে হিসাবে এবার পরীক্ষার্থী কমেছে ৪৭ হাজার ৯৭১ জন। এরমধ্যে ছাত্র কমেছে ২৮ হাজার ৩১৯ জন এবং ছাত্রী কমেছে ১৯ হাজার ৬৫২ জন। এবার ২৯ হাজার ৭৩৫টি শিক্ষা প্রতিষ্ঠানের ৩৭০০টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। গত বছরের তুলনায় এবার পরীক্ষা কেন্দ্র কমেছে ১৮০টি এবং পরীক্ষায় অংশ নেয়া শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা কমেছে ৬৩টি। এদিকে এসএসসি শিক্ষার্থীদের প্রতি শিক্ষা বোর্ড থেকে কিছু নির্দেশনাও দেয়া হয়েছে। পরীক্ষার্থীদের দেয়া নির্দেশনায় বলা হয়েছে, পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে অবশ্যই পরীক্ষার্থীদের পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা হবে। প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল বা রচনামূলক পরীক্ষা অনুষ্ঠিত হবে ও দুই পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৪.০২.২০২৪ আসাদ)

**রোহিঙ্গাদের কারণে বাংলাদেশে নিরাপত্তা ঝুঁকি তৈরি হয়েছে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন রোহিঙ্গাদের কারণে বাংলাদেশে নিরাপত্তা ঝুঁকি তৈরি হয়েছে। এছাড়া মিয়ানমারে যে চলমান সমস্যা সেটির কারণে আন্তর্জাতিক নিরাপত্তা ঝুঁকি তৈরি হয়েছে। বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার মিউনিখ সফর নিয়ে হওয়া এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী। প্রধানমন্ত্রীর মিউনিখ সফরে রোহিঙ্গাদের প্রসঙ্গ তোলা হবে কি না জানতে চাওয়া হলে পররাষ্ট্রমন্ত্রী বলেন মিয়ানমার থেকে যারা বাস্তুচ্যুত হয়েছে তাদের যেন মিয়ানমার পূর্ণ অধিকার দিয়ে ফিরিয়ে নিয়ে যায় সে প্রসঙ্গটি উপস্থাপন করা হবে।
(রেডিও টুডে:২১৪৫ ঘ. ১৪.০২.২০২৪ আসাদ)

**খালেদা জিয়ার বিরুদ্ধে দায়ের করা ১১ মামলার শুনানি ২৪শে এপ্রিল দিন ধার্য করেছেন আদালত**

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে দায়ের করা রাষ্ট্রদ্রোহ-সহ ১১ মামলার অভিযোগ গঠন শুনানির জন্য আগামী ২৪ এপ্রিল দিন ধার্য করেছেন আদালত। কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাগারে স্থাপিত ঢাকা মহানগর দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক ফয়সাল আতিক বিন কাদের আজকে শুনানি মুলতবি করে নতুন তারিখ ধার্য করেছেন বলে জানিয়েছেন অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর তাপস কুমার পাল। আসামি পক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন কারণ দেখিয়ে এই স্থগিতাদেশ দেয়া হয়। সরকারি নির্বাহী আদেশে কারাগারের বাইরে থাকা খালেদা জিয়া এখন অসুস্থ। তিনি গুলশানের বাসায় চিকিৎসা নিচ্ছেন। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ১৪.০২.২০২৪ আসাদ)

**চুয়াডাঙ্গায় ৩.৬ মাত্রার মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে**

মৃদু ভূমিকম্পে কেঁপে উঠলো চুয়াডাঙ্গা। আজ বুধবার রাত ৮টা ৭মিনিটে এই ভূমিকম্প অনুভূত হয়। চুয়াডাঙ্গার প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের জ্যেষ্ঠ পর্যবেক্ষক রাকিবুল হাসান এই তথ্য দিয়েছেন। তিনি বলেন রিখটার স্কেলে ভূমিকম্পের মাত্রা ছিল ৩.৬। এর উৎপত্তিস্থল পাবনা জেলার আটঘরিয়া। রাত ৮টা ৭মিনিট ১৮ সেকেন্ডে শুরু হয়ে শেষ হয় রাত ৮টা ৭মিনিট ৩০ সেকেন্ডে। তবে এখন পর্যন্ত ক্ষয়ক্ষতির কোনো খবর পাওয়া যায়নি।
(রেডিও টুডে:২১৪৫ ঘ. ১৪.০২.২০২৪ আসাদ)

**বাংলাদেশে কাউকে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে দেয়া হবে না: প্রধানমন্ত্রী**

সরস্বতী পূজা উপলক্ষ্যে দেয়া এক বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে কাউকে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে দেয়া হবে না। তিনি বলেন, 'ধর্ম যার যার উৎসব সবার'- এই মন্ত্রে উজ্জীবিত হয়ে আমরা সকল ধর্মের উৎসব আনন্দমুখর পরিবেশে একসঙ্গে উদযাপন করি। বাণীতে প্রধানমন্ত্রী হিন্দু সম্প্রদায়ের সকলকে সরস্বতী পূজার শুভেচ্ছা জানিয়ে আরো বলেন, আগামী দিনে সকল ধর্মে পারস্পরিক সম্প্রীতি আরো সুদৃঢ় হবে।
(রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১৪.০২.২০২৪ রুবাইয়া)

**শীতের রুক্ষতাকে বিদায় জানিয়ে আজ শুরু হলো বসন্তের প্রথম দিন**

বাতাসে যেন মিষ্টি এক আনন্দের আমেজ। শীতে রুক্ষতাকে বিদায় জানিয়ে ফুলে ফুলে সেজে উঠছে প্রকৃতি। আজ একই দিনে বসন্তের শুরু মানে পহেলা ফাল্গুন। সেই সঙ্গে ভালোবাসার দিন। বিশ্ব ভালোবাসা দিবস। সবার মুখে মুখে তাই আজ উচ্চারিত হচ্ছে বসন্তের রঙিন ভালোবাসার দিন। ঋতুররাজকে স্বাগত জানাতে প্রকৃতি সেজেছে বর্ণিল সাজে। গাছে গাছে পলাশ আর শিমুলের মেলা। প্রকৃতি আগুন রঙা ভালোবাসার রঙে নিজেকে রাঙিয়ে নিয়েছে। সব মিলিয়ে প্রকৃতি জানান দিচ্ছে আজ পহেলা ফাল্গুন। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১৪.০২.২০২৪ রুবাইয়া)

**ফুলের দাম বাড়ার কারণ নিয়ে সংবাদ সংগ্রহ করতে গিয়ে হামলার শিকার রেডিও টুডের সাংবাদিক**

ভালোবাসা দিবসের আগের দিন ফুলের দাম বাড়ার কারণ নিয়ে সংবাদ সংগ্রহ করতে গিয়ে শাহবাগের ফুলের বাজারে হামলার শিকার হয়েছেন রেডিও টুডের ইমদাদুল আজাদ-সহ তিন সাংবাদিক। তারা সবাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির নেতা। এ ঘটনায় তারা শাহবাগ থানায় লিখিত অভিযোগ করেছেন। মঙ্গলবার বিকেলে এই হামলার ঘটনা ঘটে। হামলার শিকার তিনজন হলেন রাসেল সরকার, ইমদাদুল আজাদ ও মনিরুল ইসলাম। এর মধ্যে রাসেল বিডি নিউজ টুয়েন্টি ফোর ডট কম ও মনিরুল নিউজ বাংলা টোয়েন্টি ফোর ডট কমের বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে কর্মরত। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১৪.০২.২০২৪ রুবাইয়া)

**আজ দেশে উদযাপিত হচ্ছে সরস্বতী পূজা**

বিদ্যার দেবীর আরাধনায় আজ দেশে উদ্‌যাপিত হচ্ছে উৎসবমুখর পরিবেশে সরস্বতী পূজা। হিন্দু সম্প্রদায়ের অন্যতম ধর্মীয় এই উৎসবে অগণিত ভক্ত বিদ্যা ও জ্ঞানের অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর চরণে পুষ্পার্ঘ অর্পণ করছেন। হিন্দু সম্প্রদায়ের বিশ্বাস ও সংস্কৃতির মতে এই দিনটিতে দেবী সরস্বতী জন্মগ্রহণ করেছিলেন। সরস্বতী জ্ঞান ও বিদ্যার দেবী। তার জন্য হিন্দু ভক্ত বিশেষ করে সম্প্রদায়টির শিক্ষার্থীরা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও মন্দিরগুলোতে এ পূজার আয়োজন করে থাকে। এ উপলক্ষ্যে বুধবার সারা দেশের মন্দির ও গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানে ভক্তরা বিদ্যা ও জ্ঞানের অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর পাদে পুষ্পাঞ্জলি অর্পণ করছেন। মণ্ডপে মন্ডপে পূজার আনুষ্ঠানিকতা ছাড়াও হাতে খড়ি প্রসাদ বিতরণ, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান সন্ধ্যা আরতি আলোকসজ্জা ও মেলা বসেছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০২.২০২৪ রুবাইয়া)

**আওয়ামী লীগ এখন শুধু বিএনপি'র উপর আক্রমণ করছে না তারা নিজেরা নিজেদের হত্যা করছে**

বিএনপির সিনিয়র যুব মহাসচিব রুহুল কবীর রিজিভী বলেছেন আওয়ামী লীগ এখন শুধু বিএনপি'র উপর আক্রমণ করছে না তারা লুটের টাকা ভাগাভাগি করতে নিজেরা নিজেদের হত্যা করছে। বুধবার রাজধানীর গুলশান এলাকায় লিফলেট বিতরণ শেষে এসব কথা বলেন রিজভী। ৭ই জানুয়ারি সংসদ নির্বাচনকে ডামি আখ্যায়িত করে তা বাতিলের দাবি ছাড়াও সরকারের পদত্যাগ ও নির্দলীয় সরকারের অধীনে অবাধ নির্বাচনের দাবি জানানো হয়েছে লিফলেটে। রিজভী বলেছেন বাংলাদেশের স্বার্বভৌমত্ব দুর্বল করা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০২.২০২৪ রুবাইয়া)

**দেশের তিন বিভাগে হালকা বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর**

দেশের তিন বিভাগে হালকা বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। একইসঙ্গে রাতের তাপমাত্রা ২ ডিগ্রি সেলসিয়াস বাড়ার পূর্বাভাস দিয়েছে সংস্থাটি। বুধবার সকাল ৯ টা থেকে আগামী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় বৃষ্টি বা গুড়ি গুড়ি বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশ-সহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। ভোরের দিকে সারাদেশে হালকা থেকে মাঝারি ধরনের কুয়াশা পড়তে পারে। কাগজে-কলমে বিদায় নিয়েছে শীত। শুরু হয়েছে ঋতুরাজ বসন্ত। তবে এখনো উত্তর অঞ্চল-সহ দেশের বিস্তীর্ণ অঞ্চল জুড়ে রয়েছে শীতের দাপট। ফেব্রুয়ারির শেষ নাগাদ শীত বিদায় নিতে পারে বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৪.০২.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

**ফখরুল-খসরুর জামিন, কারামুক্তিতে বাধা নেই**

প্রধান বিচারপতির বাসভবনে হামলার মামলায় জামিন পেয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। বুধবার (১৪ ফেব্রুয়ারি) ঢাকা মহানগর দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক ফয়সাল আতিক বিন কাদেরের আদালত তাদের জামিন মঞ্জুর করেন। ফখরুল-খসরুর বিরুদ্ধে আর কোনো মামলা না থাকায় কারামুক্তিতে বাধা নেই বলে জানিয়েছেন তাদের আইনজীবী সৈয়দ জয়নুল আবেদীন মেজবাহ। এর আগে এ মামলায় ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে তাদের জামিন আবেদন নামঞ্জুর হয়। ওই আদেশের বিরুদ্ধে মহানগর দায়রা জজ আদালতে গত ৬ ফেব্রুয়ারি জামিনের আবেদন করেন তাদের আইনজীবী। আদালত শুনানির জন্য ১৪ ফেব্রুয়ারি দিন ধার্য করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ প্রতীক)

**আদালত এলাকা থেকে সরিয়ে দেওয়া হলো বই বিক্রেতা টিপু সুলতানকে**

বই বিক্রি করতে ঢাকার জেলা ও দায়রা জজ আদালত এলাকায় এলে সেখান থেকে বের করে দেওয়া হয় আলোচিত বই বিক্রেতা মো. টিপু সুলতানকে। বুধবার (১৪ই ফেব্রুয়ারি) দুপুর ১২টার দিকে জেলা ও দায়রা জজ আদালত চত্বরে এলে তাকে অনুরোধ করে সেখান থেকে চলে যেতে বলেন ঢাকার জেলা ও দায়রা জজ আদালতের নাজির মো. খাদেমুল ইসলাম। এ প্রসঙ্গে নাজির মো. খাদেমুল ইসলাম বলেন, টিপু সুলতান সম্মানিত মানুষ। তিনি মাইক নিয়ে বই বিক্রি করতে এসেছিলেন। আদালত এলাকায় মাইকিং করে বই বিক্রি করলে লোকজন জড়ো হবে, এতে বিচারপ্রার্থীরা বিরক্ত হতে পারেন। এজন্য তাকে অনুরোধ করে আদালত চত্বর থেকে চলে যেতে বলেছি। এ সময় মো. টিপু সুলতান বলেন, মহানগর আদালত এলাকা থেকে তো বের করে দিলো। এখন দেখি কই যাই। আইনজীবী সমিতির ওদিকে সুযোগ পেলে ওখানে বই বিক্রি করব। এর আগে বইমেলা-সহ বিভিন্ন জায়গায় মাইকিং করে ইংরেজি ভাষা শিক্ষার বই 'বোনাস' বিক্রি করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হন টিপু সুলতান। এছাড়া বইমেলায় ঘুরতে আসা ছাত্র-ছাত্রীদের ইংরেজি বানান এবং বাংলা অর্থ জিজ্ঞেস করে সামাজিক যোগাযোগ মাধ্যমে আলোচনায় আসেন তিনি।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ প্রতীক)

**তারে আটকে গেলো ঘুড়ি, বন্ধ মেট্রোরেল চলাচল**

কাজীপাড়ায় মেট্রোরেলের তারের ওপর ঘুড়ি পড়েছে। ফলে বর্তমানে মেট্রোরেল চলাচল বন্ধ। বুধবার (১৪ই ফেব্রুয়ারি) দুপুর ১টা ১০ মিনিটে ইলেকট্রিক তারের ওপর ঘুড়িটি পড়ে। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের সহকারী

ব্যবস্থাপক (ট্রেন অপারেশন) রায়হান খলিল জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, ঘুড়ি পড়ার কারণে মেট্রোরেল চলাচল বন্ধ। দুপুর ১টা ৪০ মিনিট পর্যন্ত, এখনো ঠিক হয়নি। এটা ঠিক করতে আমরা কাজ করছি।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ প্রতীক)

## পাচার হওয়া টাকা উদ্ধারে ১০ দেশের সঙ্গে চুক্তির উদ্যোগ

দেশ থেকে পাচার হওয়া অর্থ উদ্ধারের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য, সাক্ষ্য-প্রমাণ ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তা নিতে ১০ দেশের সঙ্গে আইনগত সহায়তা চুক্তির উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার (১৪ই ফেব্রুয়ারি) জাতীয় সংসদের অধিবেশনে বিরোধী দলীয় চিফ হুইপ মুজিবুল হক চুন্নুর এক প্রশ্নের লিখিত উত্তরে প্রধানমন্ত্রী এ তথ্য জানান। এ সময় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী অধিবেশনে সভাপতিত্ব করেন। বুধবার প্রশ্ন-উত্তর টেবিলে উপস্থাপিত হয়। প্রধানমন্ত্রী বলেন, 'অর্থপাচার রোধে বর্তমানে বাংলাদেশে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ বলবৎ রয়েছে। সর্বশেষ ২০১৫ সালের গত ২৬-এ নভেম্বর যা সংশোধিত হয়। এই আইনের বিধান অনুসারে বৈধ বা অবৈধ উপায়ে অর্জিত অর্থ বা সম্পত্তি নিয়ম বহির্ভূতভাবে বিদেশে পাচারকে মানিলন্ডারিং অপরাধ হিসেবে চিহ্নিত করা হয়েছে। মানিলন্ডারিং অপরাধের ক্ষেত্রে সর্বনিম্ন ৪ (চার) বছর এবং সর্বোচ্চ ১২ বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। এর অতিরিক্ত অপরাধের সঙ্গে সংশ্লিষ্ট সম্পত্তি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা ও সংশ্লিষ্ট সম্পত্তির দ্বিগুণ মূল্যের সমপরিমাণ বা ১০ লাখ টাকা (এর মধ্যে যা অধিক) অর্থদণ্ডের বিধান রয়েছে।' তিনি বলেন, 'বিদেশে পাচার করা অর্থ দেশে ফিরিয়ে আনা সহজ করতে বিভিন্ন দেশের সঙ্গে পারস্পরিক আইনগত সহযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে অপরাধ সম্পর্কিত বিষয়ে পারস্পরিক সহায়তা আইন, ২০১২ জারি করা হয়েছে। এই আইনের আওতায় অপরাধ সম্পর্কিত বিষয়ে পারস্পরিক সহায়তা দিতে কেন্দ্রীয় কর্তৃপক্ষ হিসেবে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে। এছাড়া, এটর্নি জেনারেলের নেতৃত্বে বিদেশে পাচার করা সম্পদ বাংলাদেশে ফেরত আনার বিষয়ে গঠিত টাস্কফোর্স পাচার হওয়া অর্থ উদ্ধারে কাজ করে যাচ্ছে।'

শেখ হাসিনা বলেন, 'বাংলাদেশ থেকে পাচার হওয়া অর্থ উদ্ধারের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য, সাক্ষ্য-প্রমাণ ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তা নিতে প্রাথমিকভাবে ১০ দেশের সঙ্গে পারস্পরিক আইনগত সহায়তা চুক্তি সইয়ের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। পাচার করা অর্থ উদ্ধারের বিষয়ে একটি কৌশলপত্র প্রণয়ন করা হয়েছে, যা মানিলন্ডারিং ও সন্ত্রাসী কাজে অর্থায়ন প্রতিরোধে গঠিত জাতীয় সমন্বয় কমিটি কর্তৃক অনুমোদনের পর ওই কৌশলপত্রের সুপারিশ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থায় পাঠানো হয়েছে। এছাড়া পাচার করা অর্থ উদ্ধারের বিষয়ে বিএফআইইউ কর্তৃক একটি গাইডলাইন্স প্রণয়ন করা হয়েছে, যা জাতীয় সমন্বয় কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে।' শিগগির মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আসবে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়ন-সহ গুরুত্বপূর্ণ অর্থনীতির দেশগুলোতে ২০২৪ সালে মূল্যস্ফীতি উল্লেখযোগ্য পরিমাণে কমে আসবে বলে পূর্বাভাস রয়েছে। এ অবস্থায় বিশ্ববাজারে জ্বালানি, খাদ্যপণ্য ও সারের মূল্য কমে আসা, দেশে জ্বালানি তেলের মূল্য সমন্বয় এবং খাদ্য সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সরকারি উদ্যোগের প্রভাবে শিগগির মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে চলে আসবে বলে আশা করা যায়। পরিশেষে বলা যায়, সামষ্টিক অর্থনীতিতে নানান চ্যালেঞ্জ সত্ত্বেও বাংলাদেশ এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে একটি দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ হিসেবে অবস্থান বজায় রাখতে সক্ষম হয়েছে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ প্রতীক)

## সংরক্ষিত আসনে আওয়ামী লীগের মনোনয়ন পেলেন যারা

দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনে নিজেদের মনোনীত প্রার্থীদের নাম ঘোষণা করেছে আওয়ামী লীগ। বুধবার (১৪ই ফেব্রুয়ারি) বিকেলে চূড়ান্ত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়। এর আগে, এদিন দুপুর ১২টায় আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারি বাসভবন গণভবনে আওয়ামী লীগের সংসদীয় মনোনয়ন বোর্ডের সভা হয়। সভায় তালিকা চূড়ান্ত করে আওয়ামী লীগ। আওয়ামী লীগের মনোনীত প্রার্থীরা হলেন- পঞ্চগড়ের রেজিয়া ইসলাম, ঠাকুরগাঁওয়ের দ্রৌপদি বেবি আগরওয়াল, নীলফামারীর আসিকা সুলতানা, জয়পুরহাটের ডা. রোকেয়া সুলতানা, নাটোরের কোহেলি কুদ্দুস, চাঁপাইনবাবগঞ্জের জারা জেবিন মাহমুদ, খুলনার রুনু রেজা, ঝালকাঠির ফরিদা আক্তার বানু, বরগুনার ফারজানা, ভোলার খালেদা বানু, পটুয়াখালীর নাজনীন নাহার ফরিদা, ময়মনসিংহের উম্মে ফারজানা, নেত্রকোনার নাদিয়া বিনতে আমিন, জয়পুরহাটের মলি, ঝিনাইদহের কল্পনা। কুমিল্লার আরমা দত্ত, সাতক্ষীরার লায়লা, খুলনার মুন্নুজান সুফিয়ান, গোপালগঞ্জের বোয়া আহমেদ, ঢাকার শবনম জাহান, ঢাকার পারুল আক্তার, বরিশালের শাম্মী আহমেদ, ঢাকার নাহিদ, বরিশালের ফজিলাতুন্নেছা, লক্ষ্মীপুরের অনিমা, শেখ আনারকলি, নরসিংদীর মাসুদা সিদ্দিক, গাজীপুরের মেহের আফরোজ, ঢাকার হাসিনা বারি, লক্ষ্মীপুরের ফরিদুন্নাহার লাইলী, নোয়াখালীর কানন আরা বেগম, নোয়াখালীর ফারিয়া খানম, চট্টগ্রামের দিলারা, চট্টগ্রামের ওয়াশিকা সিদ্দিক আয়েশা, ঢাকার সানজিদা খানম ও রংপুরের নাসিমা জামান ববি। জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসন ৫০টি। একেকটি রাজনৈতিক দল ছয়টি আসনের বিপরীতে একটি করে সংরক্ষিত নারী আসন পায়। এ হিসাবে নিজেদের এবং স্বতন্ত্রদের সমর্থন নিয়ে এবার ৪৮ আসন পাচ্ছে আওয়ামী লীগ। (জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ প্রতীক)

## এসএসসি শুরু বৃহস্পতিবার, পরীক্ষায় বসছে সোয়া ২০ লাখ শিক্ষার্থী

চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা শুরু হচ্ছে বৃহস্পতিবার (১৫ই ফেব্রুয়ারি)। এবার সারাদেশে তিন হাজার ৭০০টি কেন্দ্রে ২৯ হাজার ৭৩৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে। সূচি অনুযায়ী, প্রথম দিনে বৃহস্পতিবার বাংলা প্রথমপত্র দিয়ে এসএসসি পরীক্ষা শুরু হবে। লিখিত পরীক্ষা শেষ হবে আগামী ১২ই মার্চ। ব্যবহারিক পরীক্ষা ১৩-২০ই মার্চের মধ্যে অনুষ্ঠিত হবে। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি সূত্র জানায়, ১১টি বোর্ডে মোট পরীক্ষার্থী ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন। এর মধ্যে ছাত্র ৯ লাখ ৯২ হাজার ৮৭৮ এবং ছাত্রী ১০ লাখ ৩১ হাজার ৩১৪ জন। মোট কেন্দ্র ৩ হাজার ৭০০টি। শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ২৯ হাজার ৭৩৫টি। বোর্ডভিত্তিক হিসাবে সবচেয়ে বেশি ৪ লাখ ৪ হাজার ৬৩৭ পরীক্ষার্থী ঢাকা বোর্ডে। এছাড়া রাজশাহীতে ২ লাখ ২৪৫ জন, কুমিল্লায় ১ লাখ ৮০ হাজার ৫২৭, যশোরে ১ লাখ ৫৯ হাজার ৩৭১, চট্টগ্রামে ১ লাখ ৪৫ হাজার ৫৯০, বরিশালে ৮৮ হাজার ৫৮৬, সিলেটে ১ লাখ ৯ হাজার ৪১২, দিনাজপুরে ১ লাখ ৯৯ হাজার ৪৩৬ এবং ময়মনসিংহে ১ লাখ ১৯ হাজার ৭৫ জন। এছাড়া মাদরাসা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষায় অংশ নিচ্ছে ২ লাখ ৯০ হাজার ৯৪০ জন। তাদের মধ্যে ছাত্র ৯৪ হাজর ৮৪১ জন এবং ছাত্রী ৩১ হাজার ৫৩২ জন। আর কারিগরি বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ২৬ হাজার ৩৭৩ জন। এরমধ্যে ছাত্র ৯৪ হাজার ৮৪১ জন এবং ছাত্রী ৩১ হাজার ৫৩২ জন। ৯টি সাধারণ শিক্ষা বোর্ড এসএসসি, মাদরাসা শিক্ষা বোর্ড দাখিল ও কারিগরি শিক্ষা বোর্ড এসএসসি ও দাখিল ভোকেশনাল পরীক্ষা আয়োজনের দায়িত্ব পালন করছে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ প্রতীক)

## ৩৪৪ উপজেলায় ভোট কবে জানালো ইসি

দেশের ছয়টি নির্বাচনি অঞ্চলের ৩৪৪টি উপজেলার নির্বাচন কখন হবে জানালো নির্বাচন কমিশন (ইসি)। এক্ষেত্রে চারটি ধাপে কোন জেলার কোন উপজেলায় ভোট কবে হবে তালিকা প্রকাশ করেছে সংস্থাটি। বুধবার (১৪ই ফেব্রুয়ারি) এ তথ্য জানিয়েছেন ইসির নির্বাচন ব্যবস্থাপনা শাখার কর্মকর্তারা। সম্প্রতি ইসি সচিব জাহাঙ্গীর আলম এক সংবাদ সম্মেলনে জানিয়েছেন, প্রথম ধাপের ভোটগ্রহণ হবে ৪ই মে, দ্বিতীয় ধাপে ১১-এ মে, তৃতীয় ধাপে ১৮ই মে এবং চতুর্থ ধাপের ভোট হবে ২৫ই মে। ইসি ঘোষিত তালিকা অনুযায়ী- রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল, ঢাকা ও ময়মনসিংহ অঞ্চলে প্রথম ধাপে ১০৮টি, দ্বিতীয় ধাপে ১২১টি, তৃতীয় ধাপে ৭৭টি, ও চতুর্থ ধাপে ৩৮টি উপজেলায় ভোট হবে। এছাড়া সিলেট ও চট্টগ্রাম অঞ্চলের উপজেলাগুলোর তালিকা পরবর্তীতে প্রকাশ করা হবে। দেশে ৪৯৫টি উপজেলার মধ্যে নির্বাচন উপযোগী উপজেলা রয়েছে ৪৫২টি। (জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ প্রতীক)

## নতুন শিক্ষাব্যবস্থা পরিবর্তনের পরিকল্পনা নেই: সংসদে শিক্ষামন্ত্রী

নতুন শিক্ষাব্যবস্থা পরিবর্তনের কোনো পরিকল্পনা নেই বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। তবে নতুন পদ্ধতি আরও কার্যকরভাবে বাস্তবায়ন করার বিষয়ে বিশেষজ্ঞদের মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে বলেও জানান তিনি। বুধবার (১৪ই ফেব্রুয়ারি) জাতীয় সংসদের প্রশ্নোত্তরে জাসদের এ কে এম রেজাউল করিম তানসেনের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ কথা বলেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে প্রশ্নোত্তর টেবিলে উপস্থাপিত হয়। শিক্ষামন্ত্রী বলেন, 'দেশের শিক্ষাপ্রতিষ্ঠানে যে শিক্ষা পদ্ধতি চালু হচ্ছে এই শিক্ষা ব্যবস্থায় মেধাবী একটি জাতি তৈরি হবে। নতুন শিক্ষাব্যবস্থা মূলত নতুন শিক্ষাক্রমের ওপর ভিত্তি করে পরিচালিত। আমাদের আগামী প্রজন্মকে যা প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকার সঙ্গে সঙ্গে ৪র্থ শিল্প বিপ্লব, বিশ্বায়ন, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলা এবং মধ্য আয়ের দেশ থেকে উন্নত দেশে রূপান্তরের পথ সুগম করবে।' তিনি বলেন, 'অতীতে মুখস্থনির্ভর ও সার্টিফিকেট সর্বস্ব শিক্ষাব্যবস্থা থেকে বের হয়ে বর্তমানে যোগ্যতাভিত্তিক শিক্ষাব্যবস্থার মাধ্যমে শিক্ষার্থীরা যুগের চ্যালেঞ্জগুলোকে আরও কার্যকরভাবে মোকাবিলা করতে সক্ষম হবে। শিক্ষার্থীরা মেধাশূন্য নয়, নতুন শিক্ষাব্যবস্থায় শিক্ষার্থীরা আরও দক্ষ ও যোগ্য হয়ে উঠবে। নতুন শিক্ষাব্যবস্থা পরিবর্তনের কোনো পরিকল্পনা নেই। তবে নতুন পদ্ধতি কীভাবে আরও কার্যকরভাবে বাস্তবায়ন করা যায়- তা নিয়ে শিক্ষা বিশেষজ্ঞদের মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০২.২০২৪ প্রতীক)

# BBC

## US HOUSE VOTES TO IMPEACH HOMELAND SECURITY CHIEF

The House of Representatives has narrowly voted to impeach Homeland Security Secretary Alejandro Mayorkas, making him the first cabinet member to face impeachment in nearly 150 years. Many Republicans blame Mr Mayorkas for an unprecedented influx of migrants at the US-Mexico border. The Republican-led chamber voted 214 to 213 for the measure, after the first attempt failed last week. President Joe Biden on Tuesday called the vote a blatant act of unconstitutional partnership and a political stunt. (BBC Web Page: 14/02/24, FARUK)

## UKRAINE CLAIMS SINKING OF RUSSIAN SHIP OFF CRIMEA

A big Russian amphibious ship, the Caesar Kunikov, has sunk off the coast of Russian-occupied Crimea, according to Ukraine's armed forces. Powerful explosions were heard early on Wednesday, according to local social media, which suggested the landing ship was

hit south of the town of Yalta. Ukraine's intelligence directorate released video of what it said were Magura V5 sea drones striking the ship. Ukraine has repeatedly hit Russia's Black Sea fleet in occupied Crimea. (BBC Web Page: 14/02/24, FARUK)

**INDIA POLICE FIRE TEAR GAS AGAIN AT FARMER PROTESTERS**

Indian police have used tear gas and water cannon for a second day to stop farmers demanding minimum crop prices from marching on the capital Delhi. The capital is ringed by razor wire, cement blocks and fencing on three sides to block their entry. Mostly from Punjab state, the farmers are still 200km from Delhi - thousands of security forces are deployed to block their way. Farmers say the government broke its word after protests two years ago. (BBC Web Page: 14/02/24, FARUK)

**N KOREA HACKS EMAILS OF S KOREA PRESIDENT'S AIDE**

North Korea hacked into the personal emails of an aide to the South Korean president, his office has confirmed to the BBC. The breach occurred in the run-up to President Yoon Suk Yeol's state visit to the UK last November. The staff member was hacked after using a personal email account for official work, the president's office said. A local newspaper cited a high-ranking government source as saying hackers had accessed Mr Yoon's trip schedule. The Kukmin Ilbo newspaper added that messages sent by the president had also been stolen. (BBC Web Page: 14/02/24, FARUK)

**UN WARNS OF 'SLAUGHTER' IF ISRAEL LAUNCHES RAFAH ASSAULT**

A top UN official has warned an Israeli assault on Rafah, Gaza's southernmost city, could lead to a "slaughter". Humanitarian chief Martin Griffiths said Palestinians in Gaza were already suffering an "assault that is unparalleled in its intensity, brutality and scope". The consequences of an invasion of Rafah would be "catastrophic", he said. Israeli Prime Minister Benjamin Netanyahu has vowed to defeat Hamas gunmen he says are hiding in the city. In an unusually worded statement, Mr Griffiths said over a million people were crammed in Rafah, staring death in the face. (BBC Web Page: 14/02/24, FARUK)

**ISRAEL LAUNCHES EXTENSIVE STRIKES ON LEBANON**

Israel has launched an extensive wave of attacks on Lebanon after a woman was killed and others injured in a rocket attack on northern Israel. Lebanese media reported that villages had been hit and buildings were on fire. Hezbollah, which is thought to have carried out the attack on Israel, has not claimed responsibility. The two sides have traded regular fire across Israel's northern border since the 7 October attacks by Hamas.
(BBC Web Page: 14/02/24, FARUK)

**CRUISES DIVERTED FROM RED SEA AFTER HOUTHI ATTACKS**

Cruise ships have been forced to divert away from the Red Sea due to the ongoing conflict in Yemen. Carnival Corporation has rerouted 12 of its ships away from the region. The ships include Cunard's Queen Mary 2 and P&O Cruises Arcadia, which were both due to head home to Southampton via the Suez Canal and Mediterranean. Both ships will now spend an extra seven to 10 days travelling around the southern tip of Africa and home through the Atlantic. (BBC Web Page: 14/02/24, FARUK)

**PEERS CONTINUE SCRUTINY OF RWANDA BILL**

Peers are continuing another day of detailed scrutiny of the government's Safety of Rwanda Bill on Wednesday. The bill represents ministers latest attempt to send some asylum seekers to Rwanda, after the Supreme Court ruled its plan was unlawful. Debate in the Lords began on Monday, as opponents criticized the government for behaving like despots. But Foreign Secretary Lord David Cameron said it would be "wrong" for peers to frustrate the scheme. The bill would make clear in UK law that Rwanda is safe country and give ministers the power to ignore emergency injunctions, so that deportations can begin.
(BBC Web Page: 14/02/24, FARUK)

**IMRAN KHAN'S RIVALS REACH DEAL TO FORM GOVERNMENT IN PAKISTAN**

Nawaz Sharif and Bilawal Bhutto Zardari's parties in Pakistan have reached a deal to form a government after last week's disputed election. Mr Bhutto's Pakistan People's Party said it would help Mr Sharif's Pakistan Muslim League elect a prime minister. The two parties were previously in a coalition that ousted Imran Khan from power in 2022. He is now in jail. This time independent candidates backed by his Pakistan Tehreek-e-Insaf (PTI) unexpectedly won the most seats. PPP leader Asif Ali Zardari told a press conference that although his

party and the PML-N had contested elections against each other, they had come together in the interests of the nation. (BBC Web Page: 14/02/24, FARUK)

**::THE END::**